



বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

২০১৭-২০১৮ অর্থবছরের সরকারি হিসাবের উপর

আর্থিক নিরীক্ষা রিপোর্ট

রিপোর্ট নম্বর: ০২/২০২২ খ্রি.





বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

২০১৭-২০১৮ অর্থবছরের সরকারি হিসাবের উপর

আর্থিক নিরীক্ষা রিপোর্ট

রিপোর্ট নম্বর: ০২/২০২২ খ্রি.



## সূচিপত্র

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নম্বর
ক।	মুখবন্ধ	v
খ।	নির্বাহী সারসংক্ষেপ	vii
গ।	শব্দ সংক্ষেপ ও টিকা	ix
<b>প্রথম অধ্যায়</b>		
১.১	সামষ্টিক অর্থনীতির গতিপ্রকৃতি	৩
১.১.১	অর্থনৈতিক প্রবৃদ্ধি	৩
১.১.২	রাজস্ব আহরণ	৩
১.১.৩	ব্যয়ের লক্ষ্যমাত্রা	৩
১.১.৪	বাজেট ঘাটতি ও এর অর্থায়ন	৩
১.১.৫	বৈদেশিক বাণিজ্য	৪
১.২	সরকারি আর্থ ব্যবস্থাপনার সারসংক্ষেপ	৪
১.২.১	ভূমিকা	৪
১.২.২	সরকারের বার্ষিক হিসাবসমূহ	৪
১.২.৩	বাজেট, সংশোধিত বাজেট ও প্রকৃত ব্যয়ের তুলনামূলক চিত্র	৫-৭
১.২.৪	সরকারের দায় ও সম্পদের স্থিতি	৮-৯
১.২.৫	সরকার কর্তৃক সম্পদের সংস্থান ও ব্যবহার	৯-১০
১.৩	সংযুক্ত তহবিলের প্রাপ্তি ও পরিশোধ	১০-১১
১.৪	শেয়ার ও ইকুয়িটিতে বিনিয়োগ	১১
১.৪.১	সরকার কর্তৃক প্রদত্ত গ্যারান্টিসমূহ	১১-১২
১.৫	সরকারি ঋণ ব্যবস্থাপনা	১২
১.৬	প্রজাতন্ত্রের সরকারি হিসাবের প্রাপ্তি ও পরিশোধ	১৩-১৪
১.৬.১	রিজার্ভ ফান্ড ও জমার হিসাব	১৪
<b>দ্বিতীয় অধ্যায়</b>		
২.১	সরকারের আর্থিক হিসাবের পরিচিতি	১৮
২.১.১	সংযুক্ত তহবিলের বিভাগসমূহ	১৮-১৯
২.১.২	প্রজাতন্ত্রের সরকারি হিসাবের বিভাগসমূহ	১৯
২.১.৩	নগদ ভিত্তিক হিসাবায়ন	১৯-২০
২.২	দলিলাদি সংরক্ষণ ও ডিসকোজার সংক্রান্ত বিষয়াদি	২০
২.২.১	Detail Book সংরক্ষণ না করা	২০
২.২.২	উপাত্তের উৎস ভিত্তিক প্রতিবেদন তৈরি না করা	২০
২.২.৩	স্থিতিসমূহের অঙ্ক পরিবর্তন হওয়া	২০
২.২.৪	বিবরণীসমূহের ব্যাখ্যামূলক বর্ণনা না থাকা	২০
২.২.৫	সরকারের নগদ স্থিতির ব্যাখ্যা না থাকা	২০
২.৩	হিসাবের সঠিকতা সংক্রান্ত বিষয়াদি	২১

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নম্বর
২.৩.১	বিবরণী ও তফসিলের মধ্যে অঙ্কের গরমিল	২১
২.৩.২	ঋণাঙ্ক স্থিতিসমূহ	২১
২.৩.৩	NBR এর সাথে কর রাজস্ব হিসাবে গরমিল	২২
২.৩.৪	অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে বৈদেশিক ঋণের স্থিতির হিসাবে গরমিল	২২
২.৩.৫	বাংলাদেশ ব্যাংকের সাথে গরমিল	২২
২.৪	হিসাবের সম্পূর্ণতা সংক্রান্ত বিষয়াদি	২৩
২.৪.১	সরকার প্রদত্ত গ্যারান্টিসমূহের বিশ্লেষণ	২৩
২.৪.২	সরকারের বিনিয়োগসমূহ	২৩
২.৪.৩	সরকার কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিম	২৩
২.৫	অবসর ভাতা ও আনুতোষিকের হিসাব	২৩
২.৬	রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ডের হিসাব	২৪
২.৭	কর বহির্ভূত রাজস্ব হিসাব	২৪
২.৮	রাষ্ট্রীয় বাণিজ্য	২৪
২.৯	সরকারের সম্পদ বিক্রয় হিসাব	২৪
২.১০	বৈদেশিক সাহায্য মঞ্জুরির হিসাব	২৪
২.১১	সঞ্চয়পত্র হিসাব	২৪
২.১২	ডাকঘর সঞ্চয় ব্যাংক	২৪
২.১৩	সঞ্চয় বন্ডসমূহ	২৫
২.১৪	অগ্রিম আয়কর জমার হিসাব	২৫
<b>তৃতীয় অধ্যায়</b>		
<b>উপযোজন হিসাবের পরিচিতি</b>		
৩.১	ভূমিকা	২৮
৩.১.১	বাজেট প্রণয়ন	২৮
৩.১.২	হিসাবরক্ষণ ও নিরীক্ষা	২৮-২৯
৩.২	অনুমোদিত মঞ্জুরি হতে বিচ্যুতি	২৯-৩০
৩.৩	মঞ্জুরি/বরাদ্দের অতিরিক্ত ব্যয় (অনুন্নয়ন)	৩০-৩১
৩.৪	মঞ্জুরি/বরাদ্দের অতিরিক্ত ব্যয় (উন্নয়ন)	৩১
৩.৫	মঞ্জুরি/বরাদ্দ উদ্ধৃত ব্যয় (অনুন্নয়ন)	৩১-৩৩
৩.৬	মঞ্জুরি/বরাদ্দ উদ্ধৃত ব্যয় (উন্নয়ন)	৩৪-৩৮
৩.৭	অপ্রয়োজনীয় সম্পূরক বরাদ্দ ও পুনঃ উপযোজন (অনুন্নয়ন)	৩৯
৩.৮	অপ্রয়োজনীয় সম্পূরক বরাদ্দ ও পুনঃ উপযোজন (উন্নয়ন)	৩৯
৩.৯	পর্যাপ্ত তহবিলের সংস্থান ব্যতীত ব্যয় (অনুন্নয়ন)	৩৯-৪০
৩.১০	কোড রেঞ্জ ভিত্তিক উদ্ধৃত বরাদ্দ (অনুন্নয়ন)	৪০-৪১
৩.১১	পর্যাপ্ত তহবিলের সংস্থান ব্যতীত ব্যয় কোড রেঞ্জ ভিত্তিক (উন্নয়ন)	৪১-৪২
<b>পরিশিষ্টসমূহ</b>		
পরিশিষ্টসমূহ		৪৫-৬৯

## মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ধারা ১৭ অনুসারে হিসাব মহানিয়ন্ত্রক কর্তৃক প্রস্তুতকৃত ২০১৭-২০১৮ অর্থবছরের আর্থিক হিসাব ও প্রধান হিসাবদানকারি অফিসার কর্তৃক স্বাক্ষরিত উপযোজন হিসাবসমূহের উপর নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। আর্থিক হিসাব ও উপযোজন হিসাব প্রস্তুতের ক্ষেত্রে গুরুতর ভুল বিবৃতিসমূহ অংশীজনের নজরে আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টের অন্তর্ভুক্ত ভুল বিবৃতিসমূহ চিহ্নিত করে হিসাব মহানিয়ন্ত্রক ও স্ব-স্ব প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর কর্তৃক ইস্যু করা হয়েছে এবং তাদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে Government Auditing Standards of Bangladesh এর Part-I and Part-II অনুসরণ করা হয়েছে। উল্লিখিত স্ট্যান্ডার্ডসমূহ “ISSAI-100-Fundamental Principles of Public Sector Auditing এবং ISSAI 200- Financial Audit Principles of the International Standards of Supreme Audit Institutions” এর উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ ০২/০২/২০২০  
১৫/০২/২০২০

বঙ্গাব্দ

খ্রিষ্টাব্দ

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল



## নির্বাহী সারসংক্ষেপ

বাংলাদেশ সরকারের আর্থিক হিসাবসহ বেসামরিক মন্ত্রণালয়/বিভাগসমূহ, প্রতিরক্ষা, ডাক ও রেলওয়ে বিভাগের উপযোজন হিসাবের ওপর এই রিপোর্টটি বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেল কর্তৃক প্রণীত হয়েছে। এই রিপোর্টটি ২০১৭-২০১৮ অর্থবছরের আর্থিক হিসাব ও উপযোজন হিসাবসমূহের একটি সার্বিক মূল্যায়ন তুলে ধরে।

### অধ্যায়-০১: সরকারের আর্থিক অবস্থার সার্বিক চিত্র:

দেশের অর্থনৈতিক অবস্থা অব্যাহতভাবে প্রবৃদ্ধি অর্জিত হওয়ায় সংযুক্ত তহবিলে সরকারের প্রাপ্তি ২০১৬-২০১৭ অর্থবছরে ২,৯৫,১৭১ কোটি টাকা যা ৩৯.৬৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৭-২০১৮ অর্থবছরে ৪,১২,২২০ কোটি টাকা হয়েছে। অপরদিকে সংযুক্ত তহবিল হতে ব্যয়ের পরিমাণ ২০১৬-২০১৭ অর্থবছরে ৪,০৪,১৮৮ কোটি টাকা যা ১৯.৩৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৭-২০১৮ অর্থবছরের ৪,৮২,৫৬৯ কোটি টাকা হয়েছে। এই বর্ধিত ব্যয় মেটাতে সরকারের নির্ভর করতে হয়েছে প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর অন্তর্গত বিভিন্ন উৎসের উপর। যেমন, সঞ্চয়পত্রসমূহ হতে সরকারের অর্থ সংগ্রহ ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ৪.৬৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। প্রজাতন্ত্রের সরকারি হিসাবে মোট প্রাপ্তি ১৬,৯৭০ কোটি টাকা, যা ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ১৩.৬৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

### অধ্যায়-০২: আর্থিক হিসাবের উপর পর্যবেক্ষণ:

সরকারের আর্থিক সম্পদ ও দায়ের বিভিন্ন স্থিতিসমূহ যথাযথভাবে সংরক্ষণের জন্য 'Detail Book' না থাকায় স্থিতিসমূহের সঠিকতা যাচাই করা যায়নি। তবে ইলেক্ট্রনিক (iBAS++) উৎস হতে তথ্য সংগ্রহ করে যথা সম্ভব সঠিকতা যাচাই করা হয়েছে। আর্থিক হিসাবের বিবরণী ও তফসিলসমূহের মধ্যে তথ্যগত কিছু গরমিল দেখা গেছে যা (পৃষ্ঠা ২০-২১ দ্রষ্টব্য) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আনা হয়েছে। NBR এর সাথে কর রাজস্ব হিসাবে গরমিল, বাংলাদেশ ব্যাংকের সাথে ট্রেজারি বিলের স্থিতির হিসাবে গরমিল উল্লেখযোগ্য। অনুরূপভাবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সংরক্ষিত হিসাবের সাথে বৈদেশিক ঋণের পার্থক্য বিদ্যমান।

### অধ্যায়-০৩: উপযোজন হিসাবের ওপর পর্যবেক্ষণ:

উপযোজন হিসাবসমূহ পর্যবেক্ষণে দেখা যায় যে, কয়েকটি মন্ত্রণালয়/বিভাগ নির্দিষ্টকরণ আইন-২০১৭ ও নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন-২০১৮ এর মাধ্যমে মঞ্জুরিকৃত বরাদ্দের অতিরিক্ত ব্যয় করেছে। বস্ত্র ও পাট মন্ত্রণালয় (মঞ্জুরি নং-৩৭), নৌ-পরিবহণ মন্ত্রণালয় (মঞ্জুরি নং-৪৮) ও বিদ্যুৎ বিভাগ (মঞ্জুরি নং-৫২), যথাক্রমে ৫০.০১ কোটি টাকা, ৭৬.৩৭ কোটি টাকা ও ৩,৮৯৭.৭৮ কোটি টাকা অতিরিক্ত ব্যয় করেছে। এ ধরনের ব্যয়ের ক্ষেত্রে সংবিধানের ৯১ অনুচ্ছেদের বিধান মোতাবেক সংসদ কর্তৃক আইন পাশের মাধ্যমে নির্দিষ্টকৃত অর্থের অতিরিক্ত ব্যয় বৈধ করা প্রয়োজন। এ ধরনের ক্ষেত্র উদ্ভব হলে সংবিধানের ৮৭-৯০ অনুচ্ছেদে উল্লিখিত বিধানসমূহ অনুসরণ করতে হবে। কিন্তু এক্ষেত্রে অনুরূপ কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি।



## শব্দ সংক্ষেপ ও টিকা

CDPU	- Central Data Processing Unit
CONTASA	- Convertible Taka Special Account
CR	- Cash Remittance
DOSA	- Dollar Special Account
DPA	- Direct Project Aid
GDP	- Gross Domestic Product
IA	- Imprest Account
KFI	- Key Fiscal Indicator
NBR	- National Board of Revenue
SA	- Special Account
SAFE	- Special Account in Foreign Exchange
SPFMS	- Strengthening Public Financial Management Program to Enable Service Delivery
iBAS++	- Integrated Budget and Accounting Software (++ version)
Revenue Surplus	- উদ্বৃত্ত রাজস্ব। মোট রাজস্ব প্রাপ্তি হতে রাজস্ব ব্যয় বাদ দিলে Revenue Surplus পাওয়া যায়।
Cess	- উপকর/খাজনা, যা কোন একটি বিশেষ উদ্দেশ্যে ধার্য করা হয়।
Budget Deficit	- বাজেট ঘাটতি হলো মোট ব্যয় হতে ঋণ ব্যতীত মোট প্রাপ্তির বিয়োগফল।

# ଅଧ୍ୟାୟ-୦୧



## ১.১ সামষ্টিক অর্থনীতির গতিপ্রকৃতি:

### ১.১.১ অর্থনৈতিক প্রবৃদ্ধি:

বৈশ্বিক অর্থনৈতিক মন্দা সত্ত্বেও বাংলাদেশের অর্থনীতি টেকসই প্রবৃদ্ধি ধরে রাখতে সামর্থ্য হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মতে ২০১৬-২০১৭ অর্থবছরে প্রবৃদ্ধি ছিল ৭.২৮ শতাংশ, যা ০.৫৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৭-২০১৮ অর্থবছরের অর্থনৈতিক প্রবৃদ্ধি দাঁড়ায় ৭.৮৬ শতাংশ। ২০১৬-২০১৭ অর্থবছরে মাথাপিছু GDP ছিল ১,৫৪৪ মার্কিন ডলার যা ২০১৭-২০১৮ অর্থবছরে ১,৬৭৫ মার্কিন ডলার এ দাঁড়িয়েছে। একইভাবে মাথাপিছু জাতীয় আয় ২০১৬-২০১৭ অর্থবছরের ১,৬১০ মার্কিন ডলার এবং ২০১৭-২০১৮ অর্থবছরের ১,৭৫১ মার্কিন ডলার অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় (১৭৫১-১৬১০)=১৪১ মার্কিন ডলার বেশি [সূত্র: বাংলাদেশ ইকোনমিক রিভিউ-২০১৭ এবং ২০১৮]।

বর্তমানে মোট দেশীয় বিনিয়োগ GDP এর ৩১.২৩ শতাংশ, যা ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ০.৭২ শতাংশ বেশি। ২০১৭-২০১৮ অর্থবছরে রাজস্ব আহরণে প্রবৃদ্ধি ছিল সন্তোষজনক। এই সময়ে রাজস্ব সংগ্রহের সংশোধিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ২,৫৯,৪৫৪ কোটি টাকা (GDP এর ১১.৫৩ শতাংশ)। যার মধ্যে NBR এর কর রাজস্ব ২,২৫,০০০ কোটি টাকা ও NBR বহির্ভূত উৎস হতে কর রাজস্ব ৭,৫০০ কোটি টাকা এবং কর বহির্ভূত রাজস্ব ২৬,৯৫৩ কোটি টাকা [সূত্র: বাংলাদেশ ইকোনমিক রিভিউ-২০১৮]।

### ১.১.২ রাজস্ব আহরণ:

উপর্যুক্ত লক্ষ্যমাত্রার বিপরীতে iBAS<sup>++</sup> হতে সংগৃহীত তথ্য অনুসারে ২০১৭-২০১৮ অর্থবছরে কর রাজস্ব আহরিত হয়েছে ২,০১,৫৯৬ কোটি টাকা। অন্যদিকে ২০১৬-২০১৭ অর্থবছরে কর রাজস্বের পরিমাণ ছিল ১,৭৭,৮২৪ কোটি টাকা। ফলে ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ২০১৭-২০১৮ অর্থবছরে কর রাজস্ব (২,০১,৫৯৬-১,৭৭,৮২৪) =২৩,৭৭২ কোটি টাকা অর্থাৎ ১৩.৩৭% শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে কর বহির্ভূত আয় ছিল ২২,৯৬১ কোটি টাকা এবং ২০১৭-২০১৮ অর্থবছরে কর বহির্ভূত আয় হয়েছে ২২,৩২৬ কোটি টাকা। যা পূর্বের তুলনায় ৬৩৫ কোটি টাকা হ্রাস পেয়েছে। সর্বমোট রাজস্ব আহরণের হার ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ১৪.৩৮ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ২,৩১,৮২৯ কোটি টাকা, যা ২০১৬-২০১৭ অর্থবছরে ছিল ২,০০,৭৮৫ কোটি টাকা।

### ১.১.৩ ব্যয়ের লক্ষ্যমাত্রা:

২০১৭-২০১৮ অর্থবছরে সংশোধিত বাজেট অনুসারে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ৩,৭১,৪৯৫ কোটি টাকা (GDP এর ১৬.৫১ শতাংশ) যার মধ্যে অনুন্নয়ন ব্যয়ের লক্ষ্যমাত্রা ২,২৩,১১৪ কোটি টাকা (GDP এর ৯.৯১ শতাংশ) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির ব্যয়ের লক্ষ্যমাত্রা ১,৪৮,৩৮১ কোটি টাকা (GDP এর ৬.৫৯ শতাংশ) [সূত্র: বাংলাদেশ ইকোনমিক রিভিউ-২০১৭ এবং ২০১৮]।

### ১.১.৪ বাজেট ঘাটতি ও এর অর্থায়ন:

iBAS<sup>++</sup> এর তথ্য অনুসারে বিগত অর্থবছরের তুলনায় মোট ব্যয় ১৯.৪৯ শতাংশ বৃদ্ধি পেয়ে হয়েছে ৩,২১,১০৭ কোটি টাকা (GDP এর ১৪.২৭ শতাংশ)। উন্নয়ন খাতে মোট ব্যয় ২,২১,০১৪ কোটি টাকায় দাঁড়িয়েছে। অধিকন্তু বার্ষিক উন্নয়ন কর্মসূচির অধীনে ব্যয় ৪০.৯১ শতাংশ বৃদ্ধি পেয়ে ১,৪১,৪৯২ কোটি টাকায় দাঁড়িয়েছে। প্রাক্কলিত বাজেট ঘাটতির পরিমাণ ১,০৭,৫৮৪ কোটি টাকা (যা GDP এর ৪.৭৮ শতাংশ)। এছাড়াও ৪১,৫৬৭ কোটি টাকা বৈদেশিক উৎস হতে এবং ৬৬,০১৭ কোটি টাকা অভ্যন্তরীণ উৎস হতে সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল। iBAS<sup>++</sup> হতে প্রাপ্ত তথ্য অনুসারে বাজেট ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে GDP এর ৩.৯৬ শতাংশ (অনুদানসমূহ ব্যতীত) যার মধ্যে ৩.৬৮ শতাংশ অভ্যন্তরীণ উৎস হতে এবং ০.২৮ শতাংশ বৈদেশিক উৎস হতে অর্থায়ন করা হয় [সূত্র: বাংলাদেশ ইকোনমিক রিভিউ-২০১৮]।

## ১.১.৫ বৈদেশিক বাণিজ্য:

২০১৬-২০১৭ অর্থবছরের দেশের রপ্তানি আয় ৩৪,৬৫৬ মিলিয়ন মার্কিন ডলার যা ৫.৮১ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৭-২০১৮ অর্থবছরে ৩৬,৬৬৮ মিলিয়ন মার্কিন ডলার হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে আমদানির পরিমাণ ছিল ৪৭,০০৫ মিলিয়ন মার্কিন ডলার, যা ২৫.২৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৭-২০১৮ অর্থবছরে ৫৮,৮৬৫ মিলিয়ন মার্কিন ডলার হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে রেমিটেন্সের পরিমাণ ছিল ১২,৭৬৯.৫ মিলিয়ন মার্কিন ডলার যা ২০১৭-২০১৮ অর্থবছরে দাঁড়িয়েছে ১৪,৯৮১.৬৯ মিলিয়ন মার্কিন ডলার। অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় রেমিটেন্সের বৃদ্ধির হার ১৭.৩২ শতাংশ। ২০১৭-২০১৮ অর্থবছরে বাণিজ্য ঘাটতি হয়েছে প্রায় ১৮,২৫৮ মিলিয়ন মার্কিন ডলার, যা ২০১৬-২০১৭ অর্থবছরে ৯,৪৭২ মিলিয়ন মার্কিন ডলার ছিল [সূত্র: বাংলাদেশ ইকোনমিক রিভিউ- ২০১৭ এবং ২০১৮]।

## ১.২ সরকারি আর্থ ব্যবস্থাপনার সারসংক্ষেপ:

### ১.২.১ ভূমিকা:

সরকারি আর্থ ব্যবস্থাপনার বিভিন্ন ধাপগুলো একটি চক্রাকার বৃত্তের আকারে বর্ণনা করা যায়। প্রথম ধাপে সরকার বিভিন্ন পাবলিক সার্ভিস বা গণসেবা প্রদানের কৌশল ও নীতি নির্ধারণ করে। সে সকল কৌশল ও নীতির ওপর ভিত্তি করে একটি অর্থবছরের সম্ভাব্য আয় ও ব্যয়ের প্রাক্কলনের মাধ্যমে দ্বিতীয় ধাপে একটি অর্থবছরের বাজেট তৈরি করে, যা সংসদ কর্তৃক অনুমোদিত হয়। সংসদ কর্তৃক অনুমোদিত এই বাজেট বাস্তবায়নের মাধ্যমে সরকার প্রতিশ্রুত গণসেবা (Public Service) সরবরাহ করে। চতুর্থ ধাপে, এই বাজেট বাস্তবায়নের সাথে সাথে সরকারের সকল প্রাপ্তি ও পরিশোধের লেনদেনগুলোর তথ্য নিয়ে সরকারি হিসাবসমূহ প্রণয়ন করা হয়। পঞ্চম ও শেষ ধাপে বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেল কর্তৃক এই বার্ষিক হিসাবসমূহ নিরীক্ষা করার পর জাতীয় সংসদে পেশ করা হয়।

জাতীয় সংসদে পেশকৃত বার্ষিক হিসাবসমূহ ও এর উপরে প্রণীত নিরীক্ষা রিপোর্ট সংসদ কর্তৃক সরকারি হিসাব সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে প্রেরণ করা হয়। উক্ত স্থায়ী কমিটি কর্তৃক বার্ষিক হিসাবসমূহ ও এর উপরে প্রণীত নিরীক্ষা রিপোর্টসমূহ পূঙ্খানুপূঙ্খভাবে আলোচনা ও পর্যালোচনা করা হয়। এর মাধ্যমে একদিকে যেমন সরকারের আর্থিক জবাবদিহিতা নিশ্চিত করা হয় তেমনি অপরদিকে নির্ধারিত কৌশল ও নীতিগুলো সরকার ও সংসদ কর্তৃক পুনঃবিবেচনা করে পরবর্তী অর্থবছরের জন্য সম্ভাব্য বাজেট নির্ধারণ করা হয়।

### ১.২.২ সরকারের বার্ষিক হিসাবসমূহ:

জাতীয় সংসদে পেশকৃত বাংলাদেশ সরকারের বার্ষিক হিসাবসমূহ বলতে মূলত আর্থিক হিসাব ও উপযোজন হিসাবসমূহকে বুঝায় (একাউন্ট কোড, ভলিউম-৪, অনুচ্ছেদঃ ১৩০ দ্রষ্টব্য)। কোন একটি নির্দিষ্ট অর্থবছরে সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমাকৃত সরকারের সকল প্রাপ্তি (Receipts) ও এ দুটো তহবিল হতে উত্তোলিত সকল পরিশোধ (Disbursement) সরকারের আর্থিক হিসাবে তুলে ধরা হয়। উপযোজন হিসাবসমূহ মূলত নির্দিষ্টকরণ আইনের মাধ্যমে নির্ধারিত বা অনুমোদিত বাজেট বরাদ্দের সাথে প্রকৃত ব্যয়ের তুলনামূলক চিত্র তুলে ধরে। তবে অনুমোদিত মঞ্জুরি ও বরাদ্দের অতিরিক্ত ব্যয় সংঘটিত হলে নির্বাহী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এ সংক্রান্ত ব্যাখ্যাও উপযোজন হিসাবে অন্তর্ভুক্ত করা হয়।

Account Code (Vol-IV) এর Article-130 অনুসারে সরকারি হিসাবের মধ্যে দুইটি আর্থিক বিবরণী রয়েছে। এগুলো হলোঃ আর্থিক হিসাব ও উপযোজন হিসাব। Account Code (Vol-I) এর Article-4 অনুসারে ৪টি উপযোজন হিসাব তৈরি করা হয়। যথাক্রমে উপযোজন হিসাব (বেসামরিক), উপযোজন হিসাব (প্রতিরক্ষা), উপযোজন হিসাব (রেলওয়ে) এবং উপযোজন হিসাব (ডাক)।

আর্থিক হিসাব নিরীক্ষার জন্য সিএজি কর্তৃক সিভিল অডিট অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সেই সাথে মঞ্জুরি ভিত্তিক উপযোজন হিসাবসমূহ নিরীক্ষার জন্য সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর দায়িত্বপ্রাপ্ত। তবে বেসামরিক হিসাবের আওতায় মঞ্জুরি ভিত্তিক উপযোজন হিসাবসমূহ নিরীক্ষার পরে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হলে এ কার্যালয় কর্তৃক হিসাবসমূহের ওপর একীভূত অডিট মন্তব্য প্রণয়ন করা হয়।

এই সংকলনের ১ম অধ্যায়ে বাংলাদেশ সরকারের আর্থ-ব্যবস্থাপনার সার্বিক চিত্র সংক্ষিপ্তাকারে, ২য় অধ্যায়ে আর্থিক হিসাবের ওপর নিরীক্ষা পর্যবেক্ষণসমূহ ও ৩য় অধ্যায়ে উপযোজন হিসাব (বেসামরিক) এর ওপর নিরীক্ষা পর্যবেক্ষণসমূহ তুলে ধরা হয়েছে।

১.২.৩ বাজেট, সংশোধিত বাজেট ও প্রকৃত ব্যয়ের তুলনামূলক চিত্র:

২০১৭-২০১৮ অর্থবছরের আর্থিক হিসাবে উল্লিখিত সরকারের প্রাপ্তিসমূহ ও সরকার কর্তৃক পরিশোধসমূহের বিপরীতে এর বাজেট প্রাক্কলনের তুলনামূলক চিত্রের মাধ্যমে বাজেট প্রণয়নের দক্ষতা ও কার্যকারিতা প্রকাশ পায়। ২০১৭-২০১৮ অর্থবছরের রাজস্ব-নীতির মৌলিকসূচকসমূহ (Key Fiscal Indicators) এর প্রাক্কলিত (মূল বাজেট ও সংশোধিত বাজেট উভয়ক্ষেত্রে) ও প্রকৃত আয়-ব্যয়ের অঙ্কসমূহের একটি তুলনামূলক চিত্র নিম্নে প্রদত্ত সারণি-১.১ এ তুলে ধরা হয়েছে।

সারণি – ১.১ ২০১৭-২০১৮ অর্থবছরে প্রাক্কলনের বিপরীতে সরকারের প্রকৃত প্রাপ্তি ও পরিশোধের চিত্র

(কোটি টাকায়)						
ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট প্রাক্কলন*	সংশোধিত প্রাক্কলন*	প্রকৃত (প্রাপ্তি / পরিশোধ)	প্রকৃত ও বাজেট প্রাক্কলনের পার্থক্য (শতকরা হার)†	প্রকৃত ও সংশোধিত প্রাক্কলনের পার্থক্য (শতকরা হার)†
১	২	৪	৩	৫	৭	৬
১।	রাজস্ব প্রাপ্তি	২৯৮০৭৯	২৬৭৯৩৫	২৩৭৩৮৪	৬০৬৯৫ (২০.৩৬)	৩০৫৫১ (১১.৪০)
	কর রাজস্ব‡	২৫৬৪৪৮	২৩২২০২	২০৯১২০	৪৭৩২৮ (১৮.৪৬)	২৩০৮২ (৯.৯৪)
	কর ব্যতীত রাজস্ব‡	৪১৬৩১	৩৫৭৩৩	২৮২৬৪	১৩৩৬৭ (৩২.১১)	৭৪৬৯ (২০.৯০)
২।	মূলধন প্রাপ্তি‡	৭৫৭৫	৫৬০৪	২৩২৩	৫২৫২ (৬৯.৩৩)	৩২৮১ (৫৮.৫৫)
৩।	ঋণ ও অগ্রিম আদায়‡	২০০০	১৯৫৬	১৭৬	১৮২৪ (৯১.২০)	১৭৮০ (৯১.০০)
৪।	ঋণ ব্যতীত প্রাপ্তি (১+২+৩)	৩০৭৬৫৪	২৭৫৪৯৫	২৩৯৮৮৩	৬৭৭৭১ (২২.০৩)	৩৫৬১২ (১২.৯৩)
৫।	সরকারি ঋণ প্রাপ্তি‡	১৯৫৪০৮	১৮২৯০৩	১৭২৩৩৭	২৩০৭১ (১১.৮১)	১০৫৬৬ (৫.৭৮)
৬।	সংযুক্ত তহবিল প্রাপ্তি (৪+৫)	৫০৩০৬২	৪৫৮৩৯৮	৪১২২২০	৯০৮৪২ (১৮.০৬)	৪৬১৭৮ (১০.০৭)
৭।	প্রজাতন্ত্রের সরকারি হিসাব প্রাপ্তি‡	৭০১৪০	৮৮৮৫৫	৪৪৩১৭৮	-৩৭৩০৩৮ (৫৩১.৮৫)	-৩৫৪৩২৩ (৩৯৮.৭৭)
৮।	মোট প্রাপ্তি (৬+৭)	৫৭৩২০২	৫৩৭২৫৩	৮৫৫৩৯৮	-২৮২১৯৬ (-৪৯.২৩)	-৩০৮১৪৫ (-৫৬.৩১)
৯।	রাজস্ব ব্যয়	২৫২০৮৯	২৩৩৫৫৪	২১০৩২১	৪১৭৬৮ (১৬.৫৭)	২৩২৩৩ (৯.৯৫)
১০।	মূলধন ব্যয়	১৬০৩৩৭	১৪৭৫৭০	১২৬১১৯	৩৪২১৮ (২১.৩৪)	২১৪৫১ (১৪.৫৪)
১১।	ঋণ ও অগ্রিম প্রদান‡	২০৫০	২০৫০	৬০১৪	-৩৯৬৪ (-১৯৩.৩৭)	-৩৯৬৪ (১৯৩.৩৭)
১২।	মোট ব্যয়	৪১৪৪৭৬	৩৮৩১৭৪	৩৪২৪৫৪	৭২০২২	৪০৭২০

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট প্রাক্কলন <sup>ক</sup>	সংশোধিত প্রাক্কলন <sup>ক</sup>	প্রকৃত (প্রাপ্তি / পরিশোধ)	প্রকৃত ও বাজেট প্রাক্কলনের পার্থক্য (শতকরা হার) <sup>খ</sup>	প্রকৃত ও সংশোধিত প্রাক্কলনের পার্থক্য (শতকরা হার) <sup>খ</sup>
১	২	৪	৩	৫	৭	৬
	(৯+১০+১১)				(১৭.৩৮)	(১০.৬৩)
১৩।	সরকারি ঋণ পরিশোধ <sup>খ</sup>	১২০৭৩৭	১২১৩২৫	১৪০১১৫	-১৯৩৭৮ (-১৬.০৫)	১৮৭৯০ (-১৫.৪৯)
১৪।	সংযুক্ত তহবিল হতে মোট উত্তোলন (১২+১৩)	৫৩৫২১৩	৫০৪৪৯৯	৪৮২৫৬৯	৫২৬৪৪ (৯.৮৪)	২১৯৩০ (৪.৩৫)
১৫।	প্রজাতন্ত্রের সরকারি হিসাব হতে পরিশোধ <sup>খ</sup>	৩৭৯৯১	৪২৭৫৫	৩৭৩২৭৬	-৩৩৫২৮৬ (-৮৮২.৫৪)	-৩৩০৫২২ (-৭৩৩.০৬)
১৬।	মোট পরিশোধ (১৪+১৫)	৫৭৩২০৪	৫৪৭২৫৪	৮৫৫৮৪৫	-২৮২৬৪১ (-৪৯.৩১)	-৩০৮৫৯১ (-৫৬.৩৯)
১৭।	উদ্বৃত্ত রাজস্ব (১-৯)	৪৫৯৯০	৩৪৩৮১	২৭০৬৩	১৮৯২৭ (৪১.১৫)	৭৩১৮ (২১.২৯)
১৮।	বাজেট ঘাটতি (১২- ৪)/{(১০+১১)- (২+৩)+৯}	১০৬৮২২	১০৭৬৭৯	১০২৫৭১	৪২৫১ (৩.৯৮)	৫১০৮ (৪.৭৪)

[পরিশিষ্ট-০১ দ্রষ্টব্য]

### নোটঃ

- ক. বাজেট প্রাক্কলন ও সংশোধিত প্রাক্কলন অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত তথ্য হতে সংগৃহীত।
- খ. প্রথম বঙ্গবীর মध्ये সংখ্যাগুলো পার্থক্যের শতকরা হার নির্দেশ করে।
- গ. জাতীয় রাজস্ব বোর্ড (NBR) বহির্ভূত কর রাজস্ব নির্দেশ করে।
- ঘ. কর বহির্ভূত অন্যান্য রাজস্ব যেমন বিভিন্ন ফি, সেস, লেভি, রাষ্ট্রীয় বাণিজ্য ইত্যাদি নির্দেশ করে।
- ঙ. সাহায্য মঞ্জুরি (বৈদেশিক অনুদানসহ), রাষ্ট্রীয় সম্পদ বিক্রয়, বেসরকারিকরণের ফলে অর্জিত অর্থ, বিনিয়োগের লভ্যাংশ ইত্যাদি এর অন্তর্ভুক্ত।
- চ. ঋণ ও অগ্রিম আদায় ও প্রদান (অনুন্নয়ন), সরকারি কর্মচারীদের জন্য ঋণ ও অগ্রিম আদায় ও প্রদান এখানে স্থান পেয়েছে।
- ছ. মেয়াদি ঋণ, চলতি ঋণ ও বৈদেশিক ঋণ, ঋণ ও অগ্রিম (উন্নয়ন) এখানে অন্তর্ভুক্ত।
- জ. অনিশ্চিত হিসাব ব্যতীত, প্রজাতন্ত্রের সরকারি হিসাবের প্রাপ্তি ও পরিশোধসমূহ।

২০১৭-২০১৮ অর্থবছরে বাংলাদেশ সরকারের মূল বাজেট প্রাক্কলন ৪,০০,২৬৬ কোটি টাকা এবং সংশোধিত বাজেট প্রাক্কলন ৩,৭১,৪৯৫ কোটি টাকা। ফলে সংশোধিত বাজেট প্রাক্কলনে (৪,০০,২৬৬-৩,৭১,৪৯৫) = ২৮,৭৭১ কোটি টাকা (৭.১৮ শতাংশ) হ্রাস পেয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট অপেক্ষা সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তির পরিমাণ (বৈদেশিক অনুদান ব্যতীত) সরকারের প্রত্যাশার তুলনায় উল্লেখযোগ্যভাবে (২,৮৭,৯৯০-২,৫৯,৪৫৪) = ২৮,৫৩৬ কোটি টাকা কম। এর মূল কারণ হলো সংশোধিত বাজেটের তুলনায় 'আয় ও মুনাফার ওপর কর' (৭,৪৪০

কোটি টাকা), 'মূল্য সংযোজন কর' (৮,৪৫৭ কোটি টাকা) এবং 'সম্পূরক শুল্ক' (৩৬৩৫ কোটি টাকা) আমদানি শুল্ক ৩৫৭১ কোটি টাকা এবং অন্যান্য কর ১৪৮ কোটি টাকা কম সংগৃহীত হয়েছে। উল্লেখ্য যে, শুধুমাত্র 'আবগারি শুল্ক' আদায় সংশোধিত প্রাক্কলনের তুলনায় অধিক হয়েছে [সূত্র: www.mof.gov.bd]।

অনুন্নয়ন বাজেটে ১০০ কোটি টাকার উর্ধ্ব উদ্বৃত্ত বিশ্লেষণে দেখা যায় ১৮টি মন্ত্রণালয়/বিভাগের মোট উদ্বৃত্তের পরিমাণ ১১,৭০৬.৯০ কোটি টাকা। যার মধ্যে উল্লেখযোগ্য হলো দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে ২,০৫৭.৮৭ কোটি, খাদ্য মন্ত্রণালয় ১২৬৭.৭৯ কোটি, কৃষি মন্ত্রণালয় ১,০৬৭.১৬ কোটি, জননিরাপত্তা বিভাগে ১০১১.৮২ কোটি, প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগে ১১৪৩.৮৭ কোটি, এবং স্বাস্থ্য সেবা বিভাগে ৭৭৫.৬৩ কোটি টাকা উদ্বৃত্ত রয়েছে।

অপরদিকে ১০০ কোটি টাকার উর্ধ্ব উন্নয়ন বাজেটে উদ্বৃত্ত বিশ্লেষণে দেখা যায় ১৮টি মন্ত্রণালয়/ বিভাগের উন্নয়ন বাজেটে মোট উদ্বৃত্তের পরিমাণ ১৯,২৪১.৭৩ কোটি টাকা। যার মধ্যে উল্লেখযোগ্য হলো সেতু বিভাগে ৩,৬৪৩.৮৪ কোটি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে ৩,০২৭.১০ কোটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে ১,৮৪২.৮৩ কোটি, স্থানীয় সরকার বিভাগে ২৩২৯.০৭ কোটি এবং সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগে ১১৫৫.৬৭ কোটি টাকা উদ্বৃত্ত রয়েছে।

মঞ্জুরি ও বরাদ্দের অতিরিক্ত অনুন্নয়ন ব্যয় বিশ্লেষণে দেখা যায় ০৩টি মন্ত্রণালয়/বিভাগ (অথবা মঞ্জুরি) এর বিপরীতে সংশোধিত বাজেটের অতিরিক্ত ব্যয় ৫,২৮২.৭৬ কোটি টাকা। এর মধ্যে উল্লেখযোগ্যভাবে ঘাটতি দেখা গিয়েছে অর্থ বিভাগে ৬,১৮৯.৪৩ কোটি টাকা এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ৮৩.০৯ কোটি টাকা।

মঞ্জুরি ও বরাদ্দের অতিরিক্ত উন্নয়ন ব্যয় বিশ্লেষণে দেখা যায়, ০৩টি মন্ত্রণালয়/বিভাগ (অথবা মঞ্জুরি) এর বিপরীতে সংশোধিত বাজেটের অতিরিক্ত ব্যয় ৪২২৮.২২ কোটি টাকা। তন্মধ্যে উল্লেখযোগ্য, প্রতিরক্ষা মন্ত্রণালয়ে ২২২.৫৫ কোটি, বিদ্যুৎ বিভাগে ৩,৯২০.০৪ কোটি এবং নৌ-পরিবহণ মন্ত্রণালয়ে প্রকল্পে ৮৫.৬৩ কোটি টাকা ঘাটতি দেখা গিয়েছে।

বেতনভাতা ব্যতীত অন্যান্য কোড রেঞ্জ ভিত্তিক অনুন্নয়ন ব্যয়ের বিশ্লেষণে দেখা যায়, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ (অথবা মঞ্জুরি) এর বিপরীতে সংশোধিত বাজেটের অতিরিক্ত ব্যয় করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্যভাবে ঘাটতি দেখা গিয়েছে সরবরাহ ও সেবা খাতে জননিরাপত্তা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (কোড ৪৮০০) বাবদ ১০৬.৩৪ কোটি, মেয়াদি ঋণের সুদ (দায়যুক্ত) খাতে অর্থ বিভাগ (কোড-৫০০০) বাবদ ৮৭৫.৮৬ কোটি টাকা, জাতীয় সঞ্চয়পত্রের সুদ (দায়যুক্ত) খাতে অর্থ বিভাগ (কোড-৫২০০) বাবদ ২৪৮৭.১৮ কোটি, অবসর ভাতা ও আনুতোষিক খাত (কোড ৬৩০০) বাবদ অর্থ বিভাগ, সম্পদ সংগ্রহ (কোড-৬৮০০) খাতে জননিরাপত্তা বিভাগ ও স্বাস্থ্য ও সেবা বিভাগ, নির্মাণ ও পূর্ত (কোড-৭০০০) খাতে জননিরাপত্তা বিভাগ, চলতি ঋণ-আসল পরিশোধ (দায়যুক্ত) (কোড-৭৬০০) খাতে অর্থ বিভাগ এবং ঋণ ও অগ্রিম খাতে বস্ত্র ও পাট মন্ত্রণালয় (কোড-৭৩০০) উল্লেখযোগ্য পরিমাণ অর্থ বাজেট অতিরিক্ত ব্যয় করেছে।

অপরদিকে ১০ কোটি টাকার উর্ধ্ব উন্নয়ন বরাদ্দে কোড রেঞ্জ ভিত্তিক ব্যয়ের ক্ষেত্রে ১৫ টি মন্ত্রণালয়/ বিভাগে সংশোধিত বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত ব্যয় হয়েছে ৭,৬৭৭.৭২ কোটি টাকা। উল্লেখ্য যে, এর মধ্যে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, বিদ্যুৎ বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন প্রকল্পের মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ অতিরিক্ত ব্যয় সংঘটিত হয়েছে।

রাজস্ব আদায়ের পরিমাণ লক্ষ্যমাত্রা অপেক্ষা অধিক পরিমাণে হ্রাস পওয়ায় প্রাক্কলিত রাজস্ব ব্যয়ের তুলনায় প্রকৃত রাজস্ব ব্যয় কিছুটা হ্রাস পেলেও 'উদ্বৃত্ত রাজস্ব' এর (Revenue Surplus) পরিমাণ হ্রাস পেয়েছে। প্রাক্কলিত মূলধন প্রাপ্তি অক্ষমতা হ্রাসের ফলে এবং 'ঋণ ও অগ্রিম' আদায় অতিমাত্রায় সংকুচিত হওয়ার ফলে প্রাক্কলনের তুলনায় মূলধন ব্যয় হ্রাস এবং ঋণ ও অগ্রিম প্রদান হ্রাস পাওয়া সত্ত্বেও বাজেট ঘাটতি বৃদ্ধি পেয়েছে। কর ব্যতীত রাজস্ব প্রাপ্তি সংশোধিত প্রাক্কলন অপেক্ষা সামান্য বৃদ্ধি পেলেও তা বাজেট ঘাটতি হ্রাসে তেমন কোন ভূমিকা রাখতে পারেনি।

নিরীক্ষা বিশ্লেষণের মাধ্যমে এ বিষয়টি নিশ্চিত হওয়া যায় যে, আর্থিক সম্পদের অবাস্তব প্রাক্কলনের কারণে প্রকৃত ব্যয়ের পরিমাণ কম হওয়া সত্ত্বেও বাজেট ঘাটতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। সেই সাথে এটাও লক্ষ্য করা যায় যে, রাজস্ব আহরণে সরকারের প্রচেষ্টা অপ্রতুল, যা শক্তিশালী আর্থিক ব্যবস্থাপনার অন্যতম অন্তরায়। উল্লেখ্য 'সরকারের ঋণ ও অন্যান্য দায় বাবদ পরিশোধ' ব্যতীত মোট ব্যয়ের বাজেট প্রাক্কলন ছিল ৪,১৪,৪৭৬ কোটি টাকা যা সংশোধিত বাজেটে কমে দাঁড়ায় ৩,৮৩,১৭৪ কোটি টাকায়। কিন্তু প্রকৃত ব্যয় ৩,৪২,৪৫৪ কোটি টাকা হলেও বাজেট ঘাটতির পরিমাণ বেড়ে হয় ১,০২,৫৭১ কোটি টাকা। এর মূল কারণ হলো রাজস্ব প্রাপ্তি ২,৯৮,০৭৯ কোটি টাকার স্থলে কমে ২,৩৭,৩৮৪ কোটি টাকা হয়েছে।

১.২.৪ সরকারের দায় ও সম্পদের স্থিতি:

নিচের সারণিতে সরকারের দায় ও সম্পদের স্থিতির একটি চিত্র তুলে ধরা হয়েছে

সারণি ১.২ সরকারের দায় ও সম্পদের বিবরণীঃ

(কোটি টাকায়)

দায়			সম্পদ		
বিবরণ	৩০ শে জুন ২০১৭ এ স্থিতি (২০১৬-২০১৭)	৩০ শে জুন ২০১৮ এ স্থিতি (২০১৭-২০১৮)	বিবরণ	৩০ শে জুন ২০১৭ এ স্থিতি (২০১৬-২০১৭)	৩০ শে জুন ২০১৮ এ স্থিতি (২০১৭-২০১৮)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
অভ্যন্তরীণ ঋণ	১৫৩৯৪৪	১৬৬২১০	শেয়ার ও ইকুয়িটিতে বিনিয়োগ - (অনুন্নয়ন)	২৭২০৫	২৯৫৭৯
বৈদেশিক ঋণ (আই এম এফ বাদে)	১২৪৮২৬	১৫০১০৪	স্থানীয় প্রতিষ্ঠানকে প্রদেয় ঋণ (অনুন্নয়ন)	১০৮৮৫৩	১১৪৩১২
তহবিল বহির্ভূত ঋণ	২২৪৭৭৬	২৭৫৭৬৩	স্থানীয় প্রতিষ্ঠানকে প্রদেয় ঋণ (উন্নয়ন)	৬০৭২৯	৬৫৫৩৩
সুদসহ জমা	৫৮	৫৮	সরকারি কর্মচারীদের জন্য ঋণ ও অগ্রিম	৪৮৪	৭৩৫
সুদমুক্ত জমা	৪৮৬৬৩	৬০৭৮৩	ফেরতযোগ্য অগ্রিম	১২২০৩	১৬৮৬৭
চলতি দায়	২৯৪৩৬	৩১৭১৯	স্থায়ী অগ্রিম	২১	২১
প্রেষিতক হিসাবের স্থিতি	২৬১৫৫	৪০১৫৭	বৈদেশিক সরকারসমূহের সহিত হিসাব	১৫৮	১৫৭
			অনিশ্চিত হিসাব	২০৮৬	১৯০৪
			ক্যাশ কন্ট্রোল হিসাব	১২৬৬	১৩৮৪
			বিনিয়োগকৃত নগদ স্থিতি	০	০
			সাধারণ নগদ স্থিতি	-৯২০৭	-৯৬১৯
			রাজস্ব ঘাটতি		
			ক্রমপূঞ্জিত ঘাটতি		
<b>সর্বমোট =</b>	<b>৬০৭৮৫৮</b>	<b>৭২৪৭৯৪</b>		<b>২০৩৭৯৮</b>	<b>২২০৮৭৩</b>

[পরিশিষ্ট-০২ দ্রষ্টব্য]

সরকারের অভ্যন্তরীণ ঋণের স্থিতি ২০১৬-১৭ অর্থবছরের তুলনায় ১২,২৬৬ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। বৈদেশিক ঋণের পরিমাণ বেড়েছে ২৫,২৭৮ কোটি টাকা। কিন্তু তহবিল বহির্ভূত ঋণের পরিমাণ ২০১৬-১৭ অর্থবছরের

তুলনায় ৫০,৯৮৭ কোটি বৃদ্ধি পেয়েছে। প্রাথমিক বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, অভ্যন্তরীণ ঋণের ওপর নির্ভরশীলতা কমিয়ে সরকার তহবিল বহির্ভূত ঋণের ওপর নির্ভরশীলতা বাড়িয়েছে।

তহবিল বহির্ভূত ঋণের মধ্যে রয়েছে 'রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ড' ও 'সঞ্চয়পত্র' সমূহ। এই উভয় খাতেই ঋণের সুদ উচ্চমাত্রায় পরিশোধ করতে হয়। এছাড়াও এই ঋণ গ্রহণ অনেকটাই অপরিকল্পিত হয়ে থাকে। যেমন ২০১৭-২০১৮ অর্থবছরে এ ঋণের প্রাক্কলন ছিল ৭০,১৪০ কোটি টাকা যার বিপরীতে ঋণ গ্রহণ করা হয়েছে ৪,৪৩,১৭৮ কোটি টাকা।

### ১.২.৫ সরকার কর্তৃক সম্পদের সংস্থান ও ব্যবহার:

চলতি অর্থবছরে বাংলাদেশ সরকার মোট ৮,৪৫,৯৮৫ কোটি টাকার সম্পদ আহরণ করেছে যা সরকার কর্তৃক বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে। সম্পদের ব্যবহার একটি চিত্র সারণি ১.৩ এ তুলে ধরা হলো।

#### সারণি ১.৩ সম্পদের সংস্থান ও ব্যবহার

(কোটি টাকায়)

১	সম্পদের সংস্থান			৮৪৫৯৮৫
	ক.	প্রারম্ভিক স্থিতি	-৯২৩৭	
	খ.	রাজস্ব প্রাপ্তি	২৩৭৩৮৪	
	গ.	মূলধন প্রাপ্তি	২৩২৩	
	ঘ.	সর্বমোট ঋণ প্রাপ্তিসমূহ	১৭২৩৩৭	
	ঙ.	সর্বমোট প্রকৃত সরকারি হিসাব	৪৪৩১৭৮	
২	সম্পদের ব্যবহার			৮৫৫৮৫২
	ক.	ঋণ পরিশোধ	১৩২৩৮৪	
	(অ)	অভ্যন্তরীণ ঋণ	১২৩২৩৬	
	(আ)	বৈদেশিক ঋণ	৯১৪৮	
	খ.	সরকারি হিসাবের দায় ও অব্যাহতি	৩৭৩২৮৩	
	(অ)	তহবিল বহির্ভূত ঋণ	৩৬৯৮০	
	(আ)	সুদসহ জমা	০	
	(ই)	সুদমুক্ত জমা	৩২৮০৫	
	(ঈ)	চলতি দায়	১৫৫২৩৫	
	(উ)	প্রেরিত হিসাবের স্থিতি	১৩৪৯৯৩	
	(উ)	অন্যান্য	১৩২৭০	
	গ.	প্রকৃত ব্যয়	৩৫০১৮৫	
	(অ)	রাজস্ব ব্যয়	২১০৩২১	
	(আ)	মূলধন ব্যয়	১২৬১১৯	
	(ই)	ঋণ ও অগ্রিমসমূহ	১৩৭৪৫	
৩	সমাপনী স্থিতি			-৯৮৬৭

**ক) তহবিলের উৎস:**

সরকারের রাজস্ব আয় মূলত কর রাজস্ব (২,০৯,১২০ কোটি টাকা) ও কর ব্যতীত রাজস্ব (২৮,২৬৪ কোটি টাকা) এর সমন্বয়। সরকারের কর রাজস্ব মূলত দুটি উৎস, যথা প্রত্যক্ষ কর (৬০,৬৯২ কোটি টাকা) ও পরোক্ষ কর (১,৭৬,৬৯২ কোটি টাকা) হতে আহরিত হয়। কর বহির্ভূত রাজস্বের মধ্যে রয়েছে রাষ্ট্রীয় বাণিজ্য (৬,৮২১ কোটি টাকা) মুনাফা ও লভ্যাংশ (১,৯৫৭ কোটি টাকা) ও অন্যান্য আয় (১৯,৪৮৬ কোটি টাকা)। রাষ্ট্রীয় বাণিজ্যের অন্যতম উৎস বাংলাদেশ রেলওয়ে (১,৪৪৯ কোটি টাকা) এবং ডাক বিভাগ (৮২ কোটি টাকা)।

মূলধন প্রাপ্তির দুটি অংশ রয়েছে যথা- বৈদেশিক অনুদান (১,৬২২ কোটি টাকা) ও বিবিধ মূলধন প্রাপ্তি (৭০০ কোটি টাকা)। এ ছাড়াও সরকার প্রদত্ত বিভিন্ন 'ঋণ ও অগ্রিম' এর মূলধন আদায়কে এর মধ্যে স্থান দেওয়া হয়। সরকারের ঋণ প্রাপ্তি প্রধানত দুই ভাগে ভাগ করা হয়। বৈদেশিক উৎস হতে সংগৃহীত ঋণ (৩৪,৪৪৪ কোটি টাকা) ও অভ্যন্তরীণ উৎস হতে সংগৃহীত ঋণ (১,৩৪,৯৬৬ কোটি টাকা)। 'ঋণ ও অগ্রিম' অংশে সরকার কর্তৃক প্রদত্ত ঋণসমূহ সরকারের সম্পদ হিসাবে গণ্য করা হয়। অপরদিকে, বৈদেশিক ও অভ্যন্তরীণ উৎস হতে সংগৃহীত সরকারি ঋণসমূহ সরকারের দায় হিসাবে বিবেচিত হয়, যা ভবিষ্যতে পরিশোধের জন্য সরকারের ওপর দায়বদ্ধতা সৃষ্টি করে।

**খ) তহবিলের ব্যবহার:**

চলতি অর্থবছরে সংগৃহীত তহবিলের মধ্য হতে ৪৩.৫৮ শতাংশ ব্যয় হয়েছে, যা ঋণের আসল (Principal) ও সুদ (Interest) বাবদ অর্থ পরিশোধ এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাবের পরিশোধ বাবদ। বাকি ৫৬.৪২ শতাংশ অর্থ ব্যয় হয়েছে উন্নয়ন ও অনুন্নয়ন ব্যয় বাবদ এর মধ্যে উন্নয়ন খাতে ব্যয় হয়েছে ১৩,২৪২ কোটি ও অনুন্নয়ন খাতে ব্যয় হয়েছে ১,৫৫,২০৮ কোটি।

**১.৩ সংযুক্ত তহবিলের প্রাপ্তি ও পরিশোধ:**

সংযুক্ত তহবিলের আওতায় সরকার যে পরিমাণ অর্থ প্রাপ্ত হয়েছে এবং এই তহবিল হতে যে পরিমাণ অর্থ ব্যয় করেছে তার একটি বছর ভিত্তিক তুলনা চিত্র সারণি ১.৪ এ উপস্থাপন করা হয়েছে।

**সারণি ১.৪ প্রাপ্তি ও ব্যয়ের বিবরণী**

(কোটি টাকায়)

প্রাপ্তি			পরিশোধ		
বিবরণ	২০১৬-২০১৭	২০১৭-২০১৮	বিবরণ	২০১৬-২০১৭	২০১৭-২০১৮
কর রাজস্ব	১৬২৬৬০	২০৯১২০	অনুন্নয়ন রাজস্ব	১৩৯৩৯৪	১৫৫২০৮
কর ব্যতীত রাজস্ব	৩০৩০২	২৮২৬৪	উন্নয়ন রাজস্ব	১১২১৮	১৩২৪২
বৈদেশিক সাহায্য মঞ্জুরি	১৫৪৭	১৬২২	সাহায্য অনুদান/সাহায্য মঞ্জুরি	৩৯৬৭০	৪১৮৭১
মূলধন প্রাপ্তিসমূহ	২৩৮	৭০০	মূলধন জাতীয় ব্যয়	৮৯৬২০	১২৬১১৯
সরকারি ঋণসমূহ	৯৮৪০১	১৬৯৪১০	সরকারি ঋণ	১১০৬১৪	১৪০১১৪
ঋণ ও অগ্রিমসমূহ	২০২২	৩১০৩	ঋণ ও অগ্রিমসমূহ	১৩৬৭৩	৬০১৪
<b>সংযুক্ত তহবিল সর্বমোট</b>	<b>২৯৫১৭০</b>	<b>৪১২২১৯</b>		<b>৪০৪১৮৯</b>	<b>৪৮২৫৬৮</b>

## প্রাপ্তিসমূহ:

২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ২০১৭-২০১৮ অর্থবছরে সংযুক্ত তহবিলে মোট প্রাপ্তি ৩৯.৬৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সরকারের কর রাজস্ব আহরণ ১,৬২,৬৬০ কোটি টাকা হতে বেড়ে ২,০৯,১২০ কোটি টাকায় দাঁড়িয়েছে। কর আহরণ প্রায় ২২.২২ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং সংযুক্ত তহবিলে সরকারের প্রাপ্তি বৃদ্ধি পেয়ে ৪,১২,২১৯ কোটি টাকায় দাঁড়িয়েছে। সরকারের প্রাপ্তিতে বৃদ্ধির মূল কারণ ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় কর রাজস্ব, বৈদেশিক সাহায্য মঞ্জুরি, মূলধন প্রাপ্তিসমূহ এবং সরকারি ঋণসমূহ বৃদ্ধি পাওয়া।

এছাড়াও কর ব্যতীত রাজস্ব আদায়, বৈদেশিক সাহায্য মঞ্জুরি, ঋণ ও অগ্রিমসমূহ হতে আদায় কিছুটা কমে গেছে। তবে এসকল খাতের তুলনায় সরকারি ঋণ প্রাপ্তি প্রায় ৭১,০০৯ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। বৈদেশিক ঋণ প্রাপ্তি প্রায় অপরিবর্তিত থাকলেও সরকারের অভ্যন্তরীণ উৎস হতে ঋণ সংগ্রহের পরিমাণ অত্যন্ত হ্রাস পেয়েছে।

## পরিশোধসমূহ:

২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় সংযুক্ত তহবিল হতে ব্যয়ের পরিমাণ প্রায় ৪,০৪,১৮৮ কোটি টাকা বেড়ে ৪,৮২,৫৬৮ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ব্যয় বৃদ্ধি পেয়েছে মূলধন খাতে। মূলধন জাতীয় ব্যয় বৃদ্ধি পেয়েছে ৩৬৪৯৯ কোটি টাকা। এছাড়াও অনুন্নয়ন (রাজস্ব) ব্যয় বৃদ্ধি পেয়েছে প্রায় ১৫,৮১৪ কোটি, উন্নয়ন (রাজস্ব) ব্যয় বৃদ্ধি পেয়েছে প্রায় ২,০২৪ কোটি টাকা সাহায্য অনুদান বৃদ্ধি পেয়েছে ২,২১০ কোটি টাকা। মূলধন প্রাপ্তির ব্যয় বৃদ্ধি পেয়েছে ৩৬,৪৯৯ কোটি টাকা এবং সরকারি ঋণ পরিশোধে বৃদ্ধি পেয়েছে ২৯,৫০০ কোটি টাকা। অপরদিকে ঋণ ও অগ্রিম পরিশোধে প্রায় ৭,৬৫৯ কোটি টাকা কম খরচ হয়েছে।

## ১.৪ শেয়ার ও ইকুয়িটিতে বিনিয়োগ:

২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ২০১৭-২০১৮ অর্থবছরের ইকুয়িটিতে বিনিয়োগ ৩২১৫ কোটি টাকা হ্রাস পেয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে শেয়ার ও ইকুয়িটিতে বিনিয়োগের পরিমাণ ছিল ৮,৭৯২ কোটি টাকা যা ৩৬.৫৭% হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৫,৫৭৭ কোটি টাকায়। ২০১৭-২০১৮ অর্থবছরে অনুন্নয়ন খাতে বিনিয়োগের পরিমাণ ২,৩৭৪ কোটি টাকা এবং উন্নয়ন খাতে বিনিয়োগের পরিমাণ ৩,২০৩ কোটি টাকা।

### ১.৪.১ সরকার কর্তৃক প্রদত্ত গ্যারান্টিসমূহ:

[কোটি টাকায়]

ক্রমিক নং	যে বিষয়ে গ্যারান্টি দেয়া হয়েছে	অর্থের পরিমাণ (৩০ জুন, ২০১৬ তারিখের পরও কার্যকর)	অর্থের পরিমাণ (৩০ জুন, ২০১৭ তারিখের পরও কার্যকর)
১	কৃষি ঋণ	৯১৫৫.৩৭	৯১৫৫.৩৭
২	বিমান	৬৯৮০.০০	৬৫৫২.৪০
৩	বিদ্যুৎ	২৩৩৮৯.৭৩	৩৬৪১১.৩৩
৪	জ্বালানি	১৯৫০.০০	৪০০.০০
৫	টেলিযোগাযোগ	০	৩৯৬৩.৬৫
৬	বিবিধ	৫৯৪৮.৯৬	৩৪৪৪.০০
মোট =		৪৭৪২৪.০৬	৫৯৯২৬.৭৫

[সূত্র: www.mof.gov.bd]

২০১৬-২০১৭ অর্থবছর শেষে সরকার কর্তৃক প্রদত্ত গ্যারান্টির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ৩০ জুন, ২০১৭ খ্রি. তারিখের পর কার্যকর গ্যারান্টির পরিমাণ ৫৯,৯২৬.৭৫ কোটি টাকা যা ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ১২,৫০২.৬৯

কোটি টাকা বেশি। বিদ্যুৎ খাতে গ্যারান্টি বৃদ্ধি এবং নতুন করে টেলিযোগাযোগ খাতে সরকার কর্তৃক গ্যারান্টি প্রদানের কারণে মূলত সরকারের প্রদত্ত মোট গ্যারান্টির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, বিদ্যুৎ খাতে প্রদত্ত গ্যারান্টির পরিমাণ প্রায় ১৩,০২১.৬০ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে।

### ১.৫ সরকারি ঋণ ব্যবস্থাপনা:

সরকারি ঋণ খাতের অন্তর্ভুক্ত অভ্যন্তরীণ ঋণ খাতে ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ২০১৭-২০১৮ অর্থবছরে গৃহীত ঋণের পরিমাণ এবং ঋণের বিপরীতে আসল পরিশোধের পরিমাণ হ্রাস পেয়েছে। অপরদিকে ২০১৭-২০১৮ অর্থবছরে বৈদেশিক ঋণ প্রাপ্তি এবং আসল পরিশোধ বৃদ্ধি পেয়েছে।

সরকারি ঋণ খাতের অধীনে দুই ধরনের ঋণের হিসাব করা হয়। যথাঃ বৈদেশিক ঋণ ও অভ্যন্তরীণ ঋণ। এর মধ্যে অভ্যন্তরীণ ঋণ দুই ধরনের, যথাক্রমে মেয়াদি ঋণ ও চলতি ঋণ। সরকার কর্তৃক ঋণ গ্রহণের পর যে সকল অভ্যন্তরীণ ঋণ ০১ বছর বা তার কম সময়ের মধ্যে সুদাসলে পরিশোধ করতে সেগুলো চলতি ঋণ। অপরদিকে মেয়াদি ঋণসমূহ ০১ বছরের অধিক সময় ব্যাপী পরিশোধ করা যায়।

২০১৭-২০১৮ অর্থবছরে সরকারের ঋণ গ্রহণের পরিমাণ ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে। সরকারের ঋণ গ্রহণের পরিমাণ বৃদ্ধির পেছনে সবচেয়ে বড় ভূমিকা রয়েছে অভ্যন্তরীণ উৎস হতে ঋণ সংগ্রহের পরিমাণ। ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় অভ্যন্তরীণ উৎস হতে ঋণ গ্রহণের পরিমাণ ৭৪.১৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এর মধ্যে মেয়াদি ঋণ ১৪,০০০ কোটি টাকা ও চলতি ঋণ ৪৩,৪৭৪ কোটি টাকা বেশি সংগৃহীত হয়েছে।

#### সারণি ১.৫ সরকারি ঋণ ব্যবস্থাপনা (সংযুক্ত তহবিল)

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিবরণ	২০১৬-২০১৭ অর্থবছরের প্রাপ্তি	২০১৭-২০১৮ অর্থবছরের প্রাপ্তি	২০১৬-২০১৭ অর্থবছরের পরিশোধ	২০১৭-২০১৮ অর্থবছরের পরিশোধ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১	অভ্যন্তরীণ ঋণ				
	মেয়াদি ঋণ	১১১০০	২৫১০০	১৫৫৭৭	১৮৯২৯
	চলতি ঋণ	৬৬৩৯২	১০৯৮৬৬	৮৭৭২৮	১০৪৩০৭
	মোট =	৭৭৪৯২	১৩৪৯৬৬	১০৩৩০৫	১২৩২৩৬
২	বৈদেশিক ঋণ				
	বৈদেশিক ঋণ	২০৯০৯	৩৪৪৪৪	৭৩০৮	৯১৪৮
	মোট =	২০৯০৯	৩৪৪৪৪	৭৩০৮	৯১৪৮
	সর্বমোট =	৯৮৪০১	১৬৯৪১০	১১০৬১৩	১৩২৩৮৪

[পরিশিষ্ট-০৫ দ্রষ্টব্য]

১.৬ প্রজাতন্ত্রের সরকারি হিসাবের প্রাপ্তি ও পরিশোধ :

সারণি ১.৬ প্রজাতন্ত্রের সরকারি হিসাব

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিবরণ	প্রাপ্তি	পরিশোধ
(১)	(২)	(৩)	(৪)
১	জাতীয় সঞ্চয় প্রকল্পসমূহ		
	সঞ্চয় পত্রসমূহ	৬১২৩২	২৪৬৭১
	ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা	১৫৩৩৩	৭৭২৯
	ডাক জীবন বীমা ও অ্যানুইটি	৮৫	১০৭
	সঞ্চয় বন্ডসমূহ	২৩৬১	২১৫
	মোট =	৭৯০১১	৩২৭২২
২	রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ড		
	রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ড	৮৯৫৬	৪২৫৮
	মোট =	৮৯৫৬	৪২৫৮
৩	রিনিউয়াল, রিজার্ভ ও ডেপ্রিসিয়েসন ফান্ড		
	কল্যাণ তহবিল	৬৬	৫৩
	গ্যাস বিল	২৬	১৮
	মোট =	৯২	৭১
৪	জমার হিসাব		
	স্থানীয় তহবিলের জমা	৪৯৩	৪৭৯
	বিভাগীয় ও বিচার বিভাগীয় জমা	৭৬৫২	৯৩০
	সরবরাহ ও কাজের জন্য জমা	২০৭৩৭	১৭৯৫৪
	ব্যক্তিগত খতিয়ান হিসাব জমা	৬১৯	১২১৬
	খাদ্য সাহায্য বাবদ জমার হিসাব	১০১৯	০
	অন্যান্য জমার হিসাব	১৪৩১২	১২১৫৫
	মোট =	৪৪৮৩২	৩২৭৩৪
৫	চলতি সম্পদ		
	স্থায়ী অগ্রিম	২	২
	পরিশোধযোগ্য অগ্রিম	৮৬০৩	১৩২৬৮
	মোট =	৮৬০৫	১৩২৭০
	মোট প্রজাতন্ত্রের সরকারি হিসাব =	১৪১৪৯৬	৮৩০৫৫

[পরিশিষ্ট-০৬ দ্রষ্টব্য]

প্রজাতন্ত্রের সরকারি হিসাবে চলতি দায়দেনা, অনিশ্চিত হিসাব ও প্রेषিতক হিসাব ব্যতীত মোট প্রাপ্তি ১,৪১,৪৯৬ কোটি টাকা যা বিগত ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ১৩.৬৩ শতাংশ বেশি। প্রজাতন্ত্রের সরকারি হিসাবে

মোট প্রাপ্তির ৫৫.৮৩ শতাংশ এসেছে সঞ্চয়পত্রসমূহ হতে। সঞ্চয়পত্র বিক্রির পরিমাণ বিগত ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ৬৬৪০ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে।

এছাড়াও সরবরাহ কাজের জন্য জমা হতে ২০,৭৩৭ কোটি টাকা, ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা হতে ১৫,৩৩৩ কোটি টাকা, অন্যান্য জমা হতে ১৪,৩১২ কোটি টাকা এবং রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ড হতে ৮,৯৫৬ কোটি টাকা প্রাপ্তি যোগ হয়েছে। অন্যান্যের মধ্যে পরিশোধযোগ্য অগ্রিম বাবদ ৮,৬০৩ কোটি টাকা এবং বিভাগীয় ও বিচার বিভাগীয় জমা ৭,৬৫২ কোটি টাকার প্রাপ্তি উল্লেখযোগ্য।

প্রজাতন্ত্রের সরকারি হিসাব হতে ২০১৭-২০১৮ অর্থবছরে মোট ৮৩,০৫৫ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। তন্মধ্যে সঞ্চয়পত্র বাবদ ২৪,৬৭১ কোটি, পরিশোধযোগ্য অগ্রিম বাবদ ১৩,২৬৮ কোটি, সরবরাহ কাজের জন্য জমা বাবদ ১৭,৯৫৪ কোটি টাকা, ডাকঘর সঞ্চয় ব্যাংক বাবদ ৭,৭২৯ কোটি টাকা এবং রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ড বাবদ ৪,২৫৮ কোটি টাকা পরিশোধ করা হয়েছে।

### ১.৬.১ রিজার্ভ ফান্ড ও জমার হিসাব:

২০১৭-২০১৮ অর্থবছরে রিনিউয়াল, রিজার্ভ ও ডেপ্রিসিয়েশন ফান্ড বাবদ প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা হয়েছে ৯২ কোটি টাকা। সেই সঙ্গে এ খাত হতে ব্যয় হয়েছে ৭১ কোটি টাকা এর মধ্যে কল্যাণ তহবিলে ৬৬ কোটি টাকা এবং গ্যাস বিল খাতে ২৬ কোটি টাকা প্রাপ্তি হিসাবভুক্ত হয়েছে।



## ଅଧ୍ୟାୟ-୦୨



## ২.১ সরকারের আর্থিক হিসাবের পরিচিতি:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অনুচ্ছেদ: ৮৪) অনুসারে সরকারের সকল প্রাপ্তি ও পরিশোধ 'সংযুক্ত তহবিল' ও 'প্রজাতন্ত্রের সরকারি হিসাব' শীর্ষক দুটি তহবিলের অংশ হবে বা এতে জমা হবে। এ কারণে “একাউন্ট কোড ভলিউম-৪ এর আর্টিকেল ১৩১” মোতাবেক সরকারের আর্থিক হিসাব দুই অংশে রক্ষিত হয় যথাঃ-

১ম অংশ - সংযুক্ত তহবিল

২য় অংশ - প্রজাতন্ত্রের সরকারি হিসাব

### ২.১.১ সংযুক্ত তহবিলের বিভাগসমূহ:

সংবিধানের অনুচ্ছেদ ৮৭ অনুসারে অন্যান্য ব্যয় হতে রাজস্ব খাতের ব্যয় পৃথক করে প্রদর্শন করতে হবে। এর ধারাবাহিকতায় 'একাউন্ট কোড' ভলিউম-৪ এর আর্টিকেল – ১৩১ অনুসারে ১ম অংশকে নিম্নোক্ত তিনটি বিভাগে বিভক্ত করা হয়েছেঃ

(১) রাজস্ব হিসাব

(২) মূলধন হিসাব

(৩) সরকারি ঋণ (Public Debt):

(ক) অভ্যন্তরীণ ঋণ

(খ) বৈদেশিক ঋণ

এই অংশের প্রথম বিভাগে রাজস্ব হিসাবে চিহ্নিত কর ও কর বহির্ভূত অন্যান্য প্রাপ্তি এবং তা হতে যে ব্যয় নির্বাহ হয় তা দেখানো হয়। এর নিট ফলাফল রাজস্ব উদ্বৃত্ত কিংবা ঘাটতিকে নির্দেশ করে।

দ্বিতীয় বিভাগে সরকারের ধার করা তহবিল এবং রাজস্ব উদ্বৃত্ত হতে মূলধন জাতীয় যে ব্যয় মিটানো হয় তা প্রদর্শন করা হয়। মূলধন ব্যয়ের উদ্দেশ্য হলো বাস্তব সম্পদ বৃদ্ধিকরণ কিংবা আবর্তক দায় হ্রাসকরণ।

তৃতীয় বিভাগে প্রদর্শিত হয় সরকার কর্তৃক সংগৃহীত সে সকল ঋণ, যা সংযুক্ত তহবিলের অন্তর্ভুক্ত হবে। সংযুক্ত তহবিলের অধীনে সংগৃহীত সরকারি ঋণসমূহ উৎসের ভিত্তিতে দুইভাগে ভাগ করা হয়। ঋণ সংগ্রহের দুইটি উৎস হলোঃ

(ক) অভ্যন্তরীণ এবং (খ) বৈদেশিক।

৮৪ (১) সরকার কর্তৃক প্রাপ্ত সকল রাজস্ব, সরকার কর্তৃক সংগৃহীত সকল ঋণ এবং কোন ঋণ পরিশোধ হইতে সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ একটি মাত্র তহবিলের অংশে পরিণত হইবে এবং তাহা “সংযুক্ত তহবিল” নামে অভিহিত হইবে।

(২) সরকার কর্তৃক বা সরকারের পক্ষে প্রাপ্ত অন্য সকল সরকারি অর্থ প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা হইবে।

বাংলাদেশের সংবিধান

৮৭ (২) বার্ষিক আর্থিক বিবৃতিতে পৃথক পৃথকভাবে (ক) এই সংবিধানের দ্বারা বা অধীন সংযুক্ত তহবিলের উপর দায়রূপে বর্ণিত ব্যয়নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ, এবং (খ) সংযুক্ত তহবিল হইতে ব্যয় করা হইবে, এইরূপ প্রস্তাবিত অন্যান্য ব্যয়নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ।

প্রদর্শিত হইবে এবং অন্যান্য ব্যয় হইতে রাজস্বখাতের ব্যয় পৃথক করিয়া প্রদর্শিত হইবে।

অভ্যন্তরীণ উৎস হতে সংগৃহীত ঋণ বিভিন্ন প্রকার হতে পারে। যথা- (১) সম্পূর্ণ অস্থায়ী প্রকৃতির ঋণ যা “চলতি ঋণ” হিসাবে আখ্যায়িত (যেমন- ট্রেজারি বিল এবং উপায় ও উপকরণ অগ্রিম) এবং (২) স্থায়ী ঋণ (যেমন- পাঁচ বছর মেয়াদি ট্রেজারি বন্ড, ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড ইত্যাদি)।

সংবিধানের অনুচ্ছেদ ৮৪ এর বিধান অনুসারে সরকার কর্তৃক প্রদত্ত ঋণসমূহের বিপরীতে ঋণ পরিশোধ হতে সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ সংযুক্ত তহবিলের অংশ হবে। এ কারণে সরকার কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিম (যেমনঃ স্থানীয় সংস্থাসমূহ কে প্রদত্ত ঋণ, সরকারি কর্মচারিকে প্রদত্ত ঋণ ও অগ্রিম ইত্যাদি) এবং এর পরিশোধ বাবদ আদায়কৃত অর্থ এ বিভাগের অন্তর্ভুক্ত হবে। এ সকল প্রাপ্তি ও পরিশোধ ‘ঋণ ও অগ্রিম’ শীর্ষক উপ-বিভাগে প্রদর্শন করা হয়।

বৈদেশিক ঋণ উন্নয়ন প্রকল্পসমূহের অর্থায়নে ব্যবহৃত হতে পারে। ঋণ বিতরণের প্রকৃতি অনুযায়ী বৈদেশিক ঋণ পুনর্ভরণযোগ্য প্রকল্প ঋণ কিংবা সরাসরি প্রকল্প ঋণ এই দুইভাগে বিভক্ত হবে। পুনর্ভরণ আবার দুই প্রকারের যথাঃ (১) সরকারি অর্থ হতে মিটানো উন্নয়ন ব্যয়ের পুনর্ভরণ এবং (২) বিশেষ হিসাব (Special Account) এ অগ্রিম তহবিল ন্যস্তকরণ যেমনঃ সেফ (Special Account in Foreign Exchange), কনটাসা (Convertible Taka Special Account), ডসা (Dollar Special Account) এবং ইমপ্রেস্ট একাউন্ট (Imprest Account)।

প্রকল্প পরিচালকগণ কর্তৃক পেশকৃত ব্যয় বিবরণীর ভিত্তিতে দাতা সংস্থা ব্যয় পুনর্ভরণ করে। সরাসরি প্রকল্প সাহায্য (DPA) বাবদ অর্থ দাতা-সংস্থাসমূহ প্রকল্পের পক্ষ হতে নিজেরাই ব্যয় করে এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও প্রকল্প পরিচালককে অবহিত করে। উল্লেখ্য যে, বৈদেশিক সাহায্য ব্যবস্থাপনার দায়িত্ব অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর উপর ন্যস্ত।

### ২.১.২ প্রজাতন্ত্রের সরকারি হিসাবের বিভাগসমূহ:

প্রজাতন্ত্রের সরকারি হিসাবে প্রধানত দুই ধরনের লেনদেন অন্তর্ভুক্ত করা হয়। সরকারের নিকট গচ্ছিত যে সকল অর্থ সরকার শুধুমাত্র ব্যাংকার হিসাবে বা ব্যাংকারের মতো রক্ষণাবেক্ষণ করে সে সকল লেনদেন এই প্রজাতন্ত্রের সরকারি হিসাবের অন্তর্গত। উদাহরণ স্বরূপ রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ডসমূহ, ক্ষুদ্র সঞ্চয় (যেমনঃ সঞ্চয় পত্রসমূহ) ইত্যাদির নাম উল্লেখ করা যায়। এ সকল অর্থ সরকারের নিজস্ব অর্থ না হওয়ায় নির্দিষ্ট সময় পরে তা প্রাপককে ফেরৎ প্রদান করতে হয়। এ প্রকৃতির অর্থ ফেরৎ প্রদানের ক্ষেত্রে সংসদ কর্তৃক অনুমোদনের প্রয়োজন হয় না।

এছাড়া বিভিন্ন হিসাব খাত ও হিসাব সার্কেলের মধ্যে সমন্বয় ও নগদ প্রেরণ (Cash Remittance) সমূহ প্রজাতন্ত্রের সরকারি হিসাবের অন্তর্ভুক্ত। প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর দুটি প্রধান বিভাগ রয়েছে:-

- (১) ঋণ (প্রথম অংশে উল্লিখিত ঋণ ব্যতীত) ও জমা; এবং
- (২) রেমিট্যান্স

প্রথম অংশের তৃতীয় বিভাগে উল্লিখিত ঋণের আওতাধীন প্রাপ্তি ও ব্যয় ব্যতীত, যে সকল ঋণের প্রাপ্তি ও ব্যয়ের জন্য সরকার অর্থ পরিশোধের দায় গ্রহণ করে কিংবা পরিশোধকৃত অর্থ আদায়ের দাবি সংরক্ষণ করে, সে সকল লেনদেন এই অংশের প্রথম বিভাগের অন্তর্ভুক্ত।

দ্বিতীয় বিভাগে সমন্বয়কারী খাতসমূহ অন্তর্ভুক্ত হয় এবং এ সকল খাতের অধীনে বিভিন্ন হিসাব সার্কেলের মধ্যে নগদ (Cash remittance) প্রেরণসমূহ প্রদর্শিত হয়। এ বিভাগে সমন্বয়কারী খাতসমূহের ক্রেডিট ও ডেবিট শেষ পর্যন্ত চূড়ান্ত খাতের আওতায় সমন্বয়ের মাধ্যমে হিসাব করা হয়।

### ২.১.৩ নগদ ভিত্তিক হিসাবায়ন:

১. সরকারি হিসাবে অর্থবছরের প্রকৃত নগদ প্রাপ্তি ও পরিশোধসমূহ অন্তর্ভুক্ত হয়। সরকারের কাছে পাওনা কিংবা অপরের কাছে সরকারের পাওনা এ হিসাবে অন্তর্ভুক্ত হয় না। নগদভিত্তিক হিসাব বাণিজ্যিক হিসাবে গ্রহণযোগ্য নয়। এ কারণে সরকারের নিয়ন্ত্রণাধীন বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের হিসাব (যেমনঃ রেলওয়ে এবং ডাক বিভাগ) নিয়মিত হিসাবের বাহিরে বাণিজ্যিক হিসাবের আকারে সংরক্ষণ করা হয়। এ হিসাবসমূহের অন্তর্ভুক্তি অডিট বিভাগ কর্তৃক প্রয়োজন অনুযায়ী নিরীক্ষা সাপেক্ষে অন্তর্ভুক্ত হয়ে থাকে।

২. স্থিতি ও সঞ্চিতিঃ সরকারি হিসাব মূলত নগদায়ন ভিত্তিক হলেও এর অন্তর্গত বিভিন্ন স্থিতি ও সঞ্চিতির ক্ষেত্রে কিছুটা ব্যতিক্রম রয়েছে। এ সকল ক্ষেত্রে এক অর্থবছরের প্রারম্ভিক স্থিতি হিসাবে বিবেচিত হয় অর্থাৎ স্থিতি হতে হিসাবের আরম্ভ এবং স্থিতিতেই সমাপ্ত। এ সকল স্থিতি সমন্বয়ে সাধারণ নগদ স্থিতি (Cash Balance) গঠিত হয় এবং তা বাংলাদেশ ব্যাংকে জমা রাখা হয়। এ সকল নগদ স্থিতি ছাড়াও বিনিয়োগ হিসাব এবং সরকারের সাধারণ নগদ স্থিতির বাইরে বিনিয়োগকৃত অন্যান্য বিশেষ সঞ্চিতির নগদ স্থিতিও আছে। অধিকন্তু, কতিপয় নগদ স্থিতি এবং ইমপ্রেস্ট বিভাগীয় কর্মচারীগণের (Departmental Officers) তত্ত্বাবধানে থাকে।

## ২.২ দলিলাদি সংরক্ষণ ও ডিসক্লোজার সংক্রান্ত বিষয়াদি:

### ২.২.১ Detail Book সংরক্ষণ না করা:

সংযুক্ত তহবিলের অন্তর্গত সরকারি ঋণ ও প্রজাতন্ত্রের সরকারি হিসাবের কোড ভিত্তিক লেনদেন ও স্থিতির হিসাব সম্বলিত 'Detail Book' সংরক্ষণ করতে হবে [একাউন্ট কোডঃ ভলি-১ আর্টিকেল ১১(জি) দ্রষ্টব্য]। কিন্তু হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ে কোন প্রকার বাঁধাই রেজিস্টার অথবা ইলেক্ট্রনিক ফরমে 'Detail Book' সংরক্ষিত হয়নি। তবে iBAS++ এ General Ledger এর মাধ্যমে স্থিতি সংরক্ষণের সুযোগ সৃষ্টি করা হয়েছে।

### ২.২.২ উপাত্তের উৎস ভিত্তিক প্রতিবেদন তৈরি না করা:

হিসাবের সঠিকতা ও সম্পূর্ণতা নিশ্চিত হওয়ার ক্ষেত্রে লেনদেনসমূহের উৎসভিত্তিক প্রতিবেদন অবশ্যই প্রয়োজনীয়। হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের Central Data Processing Unit (CDPU) হতে উৎস ভিত্তিক প্রতিবেদন সংগ্রহ করা যায়নি। CDPU কর্তৃক Strengthening Public Financial Management Program to Enable Service Delivery শীর্ষক কর্মসূচির নিকট যোগাযোগ করা হয়। কিন্তু এ ধরনের যোগাযোগের পরও সিজিএ কিংবা কর্মসূচির পক্ষ হতে এ ধরনের কোন প্রতিবেদন নিরীক্ষার নিকট হাজির করা হয়নি।

### ২.২.৩ স্থিতিসমূহের অঙ্ক পরিবর্তন হওয়া:

সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারি হিসাবের আওতায় সংরক্ষিত বিভিন্ন স্থিতির পরিবর্তন পরিলক্ষিত হয়। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে এ সকল স্থিতির পরিবর্তনের স্বপক্ষে কোন ভাউচার/সমন্বয় ভাউচার বা নোট সংরক্ষণ করা হয় না। নিরীক্ষার অনুসন্ধানে প্রতীয়মান হয় এ ধরনের পরিবর্তন দুটো কারণে হতে পারে, যথাক্রমে- ক) সিস্টেমের ত্রুটির জন্য এবং খ) কর্মকর্তা/কর্মচারির হস্তক্ষেপের কারণে।

এক্ষেত্রে নিবিড় পর্যবেক্ষণ ও একাধিক Substantive পরীক্ষার মাধ্যমে প্রতীয়মান হয় যে, iBAS++ সিস্টেমের ত্রুটির কারণে ভুল হওয়ার সম্ভাবনা অত্যন্ত কম। বরং কোন কর্মকর্তা কর্মচারির হস্তক্ষেপের মাধ্যমেই অঙ্ক পরিবর্তিত হওয়ার সম্ভাবনা অত্যন্ত বেশি। এ ধরনের সকল পরিবর্তনের যৌক্তিক ব্যাখ্যা হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় কর্তৃক সংরক্ষণ করা প্রয়োজন।

### ২.২.৪ বিবরণীসমূহের ব্যাখ্যামূলক বর্ণনা না থাকা:

আর্থিক হিসাবে ১৪টি বিবরণী ও ২৫টি তফসিল রয়েছে। প্রত্যেকটি বিবরণীর তথ্য উপাত্তগুলো সংশ্লিষ্ট তফসিল হতে সংগৃহীত হয়। বিবরণীর বিপরীতে শুধুমাত্র তফসিলগুলো প্রদান করাই যথেষ্ট নয়। প্রতিটি বিবরণীর ব্যাখ্যামূলক বর্ণনা আর্থিক হিসাবে সন্নিবেশিত হলে আর্থিক হিসাবের উপযোগিতা বহুগুণে বৃদ্ধি পাবে এবং এর ব্যবহারিক মূল্য বাড়বে।

### ২.২.৫ সরকারের নগদ স্থিতির ব্যাখ্যা না থাকা:

আর্থিক হিসাবে সরকারের নগদ স্থিতির হিসাব পৃথকভাবে দেখানো হয় না। কিন্তু সরকারের নগদ স্থিতি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান। বিবরণী-৩ এর সমাপনী স্থিতিকে সরকারের নগদ স্থিতি হিসাবে গণ্য করা হয়। এক্ষেত্রে অধিকতর ব্যাখ্যা থাকা প্রয়োজন। সেই সাথে বিগত অর্থবছরের সমাপনী স্থিতির সাথে চলতি অর্থবছরের প্রারম্ভিক ও সমাপনী নগদ স্থিতির একটি তুলনামূলক ব্যাখ্যাও দেয়া উচিত।

## ২.৩ হিসাবের সঠিকতা সংক্রান্ত বিষয়াদি:

### ২.৩.১ বিবরণী ও তফসিলের মধ্যে অঙ্কের গরমিল:

আর্থিক হিসাবের বিবরণী ও তফসিলের মধ্যে প্রদর্শিত অঙ্কসমূহের মধ্যে গরমিল পরিলক্ষিত হয়। রাজস্ব ব্যয়, মূলধন ব্যয়, ঋণ ও অগ্রিম (মেয়াদি ঋণ), প্রেরিত টাকার হিসাব (আয় ও ব্যয়) ইত্যাদি খাতে প্রদর্শিত স্থিতিসমূহের অঙ্ক বিবরণী ও তফসিলের মধ্যে ভিন্নতা দেখা যায়।

(কোটি টাকায়)

ক্রমিক নং	খাতের নাম	বিবরণীতে প্রদর্শিত অঙ্ক	তফসিলে প্রদর্শিত অঙ্ক	পার্থক্য
(১)	(২)	(৩)	(৪)	(৬)
০১	রাজস্ব ব্যয় (সংযুক্ত তহবিল) বিবরণী-১ ও ৪ এবং তফসিল-০২(অনুলয়ন) তফসিল-৩(উন্নয়ন)	২১০৩২১	২০৮৫২৭	১৭৯৪
০২	মূলধন ব্যয় (ঋণ ও অগ্রিম ব্যতীত) বিবরণী-০১ ও তফসিল-৪(অনুলয়ন) তফসিল-৫(উন্নয়ন)	১২৬১১৯	১৩৩৮৫০	৭৭৩১
০৩	ঋণ ও অগ্রিম (সংযুক্ত তহবিল) মেয়াদি ঋণ (আসল পরিশোধ) বিবরণী-৪ ও তফসিল-৯(ক)	১৮৯২৯	১৮৩৯৪	৫৩৫
০৪	প্রেরিত টাকার হিসাব (আয়) প্রেরিত টাকার হিসাব (ব্যয়) বিবরণী-৫ ও তফসিল-২৩	১৪৪১৬৭ ১৩৪৯৮৬	১৪৪১৬০ ১৩৪৯৯৩	৭ ৭

### ২.৩.২ ঋণাত্মক স্থিতিসমূহ:

আর্থিক হিসাবে বিভিন্ন প্রকার সম্পদ ও দায়ের হিসাবে ঋণাত্মক স্থিতি প্রদর্শিত হয়। ঋণাত্মক স্থিতিসমূহের মধ্যে সরকার কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিম (সম্পদ) ও সরকার কর্তৃক গৃহীত ঋণ (দায়) অন্যতম।

উল্লেখ্য আর্থিক হিসাবের তফসিলসমূহে প্রদর্শিত সরকারের আর্থিক সম্পদের স্থিতিসমূহ ঋণাত্মক স্থিতিতে প্রদর্শন করা হয়। অপরদিকে সরকারের দায়সমূহকে ঋণাত্মক স্থিতিতে প্রদর্শন করা হয়। নিরীক্ষা পর্যবেক্ষণে দেখা যায় এ সকল স্থিতির মধ্যে অনুলয়ন ও উন্নয়ন ঋণের মধ্যে মোট (১১+৯৩) = ১০৪টি স্থিতির বিপরীতে ঋণাত্মক চিহ্ন প্রদর্শন করে। যার ফলে সরকারের আর্থিক সম্পদ অবমূল্যায়িত হয়েছে। এছাড়াও তফসিল-৮ এ প্রদর্শিত কৃষকদের দেয় ঋণ, সমবায় ঋণ ও অন্যান্য ঋণের স্থিতি না থাকা সত্ত্বেও বকেয়া আদায় করা হচ্ছে। ফলে হিসাবের সঠিকতা বিঘ্নিত হচ্ছে। 'প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম' খাতের হিসাবও সঠিক নয়। কেননা প্রারম্ভিক স্থিতি, আদায়কৃত ঋণ, নিট এবং সমাপনী স্থিতি প্রদর্শন করা হয়েছে। কিন্তু প্রদত্ত ঋণ শূন্য। ২০১৭-২০১৮ অর্থবছরের ন্যায় ২০১৬-২০১৭ অর্থবছরের আর্থিক হিসাব একইভাবে প্রদর্শিত সংশ্লিষ্ট অর্থবছরের 'প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম' প্রদান করা হয়নি। ফলে প্রকৃতপক্ষে সঠিক আর্থিক হিসাবের চিত্র প্রকাশ পায়নি।

### ২.৩.৩ NBR এর সাথে কর রাজস্ব হিসাবে গরমিল:

আর্থিক হিসাবে প্রদর্শিত কর রাজস্ব আয়ের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য ও উপাত্তের গরমিল রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক রিপোর্ট ২০১৭-২০১৮ অনুযায়ী মোট জাতীয় রাজস্ব বোর্ডের কর রাজস্ব আয় ২,০২,৩১৩ কোটি টাকা। কিন্তু আর্থিক হিসাবে প্রদর্শিত হয়েছে ২,০২,০৭৬ কোটি টাকা। এর ফলে এই ০২ (দুই) টি উৎস হতে প্রাপ্ত তথ্যের মধ্যে ২৩৭ কোটি টাকা গরমিল পরিলক্ষিত হয়। এই পার্থক্যের কারণ ব্যাখ্যা করা হয়নি। যদিও মোট রাজস্ব আয়ের উভয় তথ্যই iBAS++ হতে সংগৃহীত হয়েছে বলে দাবি করা হয়েছে।

অনুরূপভাবে, আর্থিক হিসাবে প্রদর্শিত কর বহির্ভূত রাজস্ব আয়ের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য ও উপাত্তের গরমিল রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক রিপোর্ট ২০১৭-২০১৮ অনুযায়ী মোট জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত রাজস্ব আয় ৬,৬১১ কোটি টাকা। কিন্তু আর্থিক হিসাবে প্রদর্শিত হয়েছে ৭,০৪৪ কোটি টাকা। এর ফলে এই ০২ (দুই) টি উৎস হতে প্রাপ্ত তথ্যের মধ্যে ৪৩৩ কোটি টাকা গরমিল পরিলক্ষিত হয়। এই পার্থক্যের কারণ ব্যাখ্যা করা হয়নি।

উল্লেখ্য যে, আর্থিক হিসাবে প্রদর্শিত কর বহির্ভূত রাজস্ব আয়ের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য ও উপাত্তের গরমিল রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক রিপোর্ট ২০১৭-২০১৮ অনুযায়ী মোট জাতীয় রাজস্ব বোর্ডের কর বহির্ভূত রাজস্ব আয় ২২,২২৯ কোটি টাকা। কিন্তু আর্থিক হিসাবে প্রদর্শিত হয়েছে ২৮,২৬৫ কোটি টাকা। এর ফলে এই ০২ (দুই) টি উৎস হতে প্রাপ্ত তথ্যের মধ্যে ৬০৩৬ কোটি টাকা গরমিল পরিলক্ষিত হয়। এই পার্থক্যের কারণ ব্যাখ্যা করা হয়নি [পরিশিষ্ট-১৯ দ্রষ্টব্য]।

### ২.৩.৪ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে বৈদেশিক ঋণের স্থিতির হিসাবে গরমিল:

বৈদেশিক ঋণের স্থিতির হিসাব এর ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে সংরক্ষিত হিসাবের সাথে হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ে রক্ষিত হিসাবের পার্থক্য রয়েছে। উল্লেখ্য যে, এই গরমিলের অন্যতম কারণ হলো মুদ্রা বিনিময় হার। কেননা অর্থনৈতিক সম্পর্ক বিভাগে মার্কিন ডলারে হিসাব রক্ষিত হয়, অপরদিকে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় বাংলাদেশি টাকায় হিসাব সংরক্ষণ করে থাকে।

২০১৭-২০১৮ অর্থবছর শেষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের হিসাব অনুযায়ী বৈদেশিক ঋণের স্থিতি ৩৮,৪৭৫ মিলিয়ন মার্কিন ডলার বা প্রায় ৩১,৯৩,৪২৫ কোটি টাকা (বিনিময় হার ১ মার্কিন ডলার = ৮৩ টাকা হিসাবে)। কিন্তু হিসাব মহানিয়ন্ত্রকের হিসাব অনুযায়ী বৈদেশিক ঋণের স্থিতি ১,৫০,১০৪.৩২ কোটি টাকা। যার ফলে বৈদেশিক ঋণের স্থিতি হিসাব মহানিয়ন্ত্রকের হিসাব বা রেজিস্টারে অবমূল্যায়িত হয়েছে।

উল্লেখ্য, ২০১৭-২০১৮ অর্থবছরে বৈদেশিক ঋণের আসল বাবদ ১,২০২ মিলিয়ন মার্কিন ডলার ও সুদ বাবদ ৩৯১ মিলিয়ন মার্কিন ডলার পরিশোধ হয়েছে (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের হিসাব অনুসারে)। অন্যদিকে আর্থিক হিসাব অনুসারে উক্ত ২০১৭-২০১৮ অর্থবছরে বৈদেশিক ঋণের আসল বাবদ ২৫,২৯৬ কোটি টাকা বা ৩,০৪৮ মিলিয়ন মার্কিন ডলার এবং সুদ বাবদ ২,৪৭৪ কোটি টাকা বা ২৯৮ মিলিয়ন মার্কিন ডলার পরিশোধ করা হয়েছে। এক্ষেত্রে আনুমানিক বিনিময় হার ১ মার্কিন ডলার সমান প্রায় ৮৩ টাকা [সূত্র: [www.erd.portal.gov.bd](http://www.erd.portal.gov.bd) এবং ২০১৭-২০১৮ অর্থবছরের আর্থিক হিসাব]।

### ২.৩.৫ বাংলাদেশ ব্যাংকের সাথে গরমিল:

জুন, ২০১৮ খ্রি. সালের শেষে ড্রেজারি বিলের স্থিতির হিসাবে বাংলাদেশ ব্যাংকের সাথে আর্থিক হিসাবের গরমিল পরিলক্ষিত হয়। বাংলাদেশ ব্যাংকের হিসাব মতে জুন, ২০১৮ এর শেষে ড্রেজারি বিল ২৮ দিন, ড্রেজারি বিল ৯১ দিন, ড্রেজারি বিল ১৮২ দিন এবং ড্রেজারি বিল ৩৬৪ দিন এর স্থিতি যথাক্রমে শূন্য, ১২,২০৪ কোটি, ৬,৯৫২ কোটি টাকা এবং ৭,১৮৯ কোটি টাকা।

কিন্তু হিসাব মহানিয়ন্ত্রকের হিসাব মতে অর্থাৎ আর্থিক হিসাব অনুসারে উক্ত ড্রেজারি বিলসমূহের স্থিতি যথাক্রমে- ৭৯৯ কোটি টাকা, ১০,৯১৩.৬৭ কোটি টাকা, ১,০৬৩.৫৬ কোটি টাকা এবং -৬,৬৫৯.৫৭ কোটি টাকা। বাংলাদেশ ব্যাংকের সাথে হিসাবের সঙ্গতি সাধন করতে হবে, এছাড়াও ঋণাত্মক স্থিতিগুলোর বিষয়টি অধিকতর যাচাই করা আবশ্যিক।

## ২.৪ হিসাবের সম্পূর্ণতা সংক্রান্ত বিষয়াদি:

### ২.৪.১ সরকার প্রদত্ত গ্যারান্টিসমূহের বিশ্লেষণ :

সরকারের ২০১৭-২০১৮ অর্থবছরের আর্থিক হিসাবে সরকার কর্তৃক প্রদত্ত গ্যারান্টিসমূহের কোন উল্লেখ নেই। কিন্তু এই সরকারি গ্যারান্টিসমূহ সরকার প্রচ্ছন্ন দায় (Contingent Liability) হিসেবে বিবেচিত হয়। যদি ঋণ গ্রহণকারী প্রতিষ্ঠান ঋণ পরিশোধ করতে ব্যর্থ হয় তবে সেই ঋণের দায়ভার গ্যারান্টির হিসেবে সরকারকেই বহন করতে হয়। একারণে আর্থিক হিসাব এর মধ্যে গ্যারান্টির হিসাব না থাকায় তা হিসেবের সম্পূর্ণতাকে বাধাগ্রস্ত করেছে।

সরকার কর্তৃক প্রদত্ত গ্যারান্টিসমূহকে প্রধানত পাঁচটি ভাগে ভাগ করা হয়। এগুলো যথাক্রমে কৃষি ঋণ, বিমান, জ্বালানি, বিদ্যুৎ ও বিবিধ এই পাঁচ প্রকারে বিভক্ত। ৩০ জুন, ২০১৬ খ্রি. তারিখের পরও যে সকল গ্যারান্টি কার্যকর ছিল তাদের মধ্যে সর্বাধিক গ্যারান্টি ছিল বিদ্যুৎ খাতে প্রায় ২৩,৩৯০ কোটি টাকা সমপরিমাণ। এছাড়া দ্বিতীয় স্থানে ছিল কৃষি খাত এবং এই খাতে প্রায় ৯,১৫৫ কোটি টাকা সমপরিমাণ গ্যারান্টি কার্যকর ছিল। এছাড়াও জ্বালানী ঋণ বাবদ ১,৯৫০ কোটি টাকা, বিমান খাতে ৬,৯৮০ কোটি টাকা এবং বিবিধ খাতে প্রায় ৫,৯৪৯ কোটি টাকার সমপরিমাণ গ্যারান্টি কার্যকর ছিল। এর ফলে সর্বমোট ৪৭,৪২৪ কোটি টাকা সমপরিমাণ গ্যারান্টি ৩০ জুন, ২০১৬ এর পরও কার্যকর ছিল। এর মধ্যে জ্বালানী খাতের বেশিরভাগ গ্যারান্টির মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়ায় জ্বালানী খাতে শুধুমাত্র ৪০০ কোটি টাকার সমপরিমাণ গ্যারান্টি ৩০ জুন, ২০১৭ খ্রি. তারিখের পরও কার্যকর ছিল।

অপরদিকে বিদ্যুৎ খাতে আরও অতিরিক্ত পরিমাণ গ্যারান্টি যুক্ত হওয়ার ফলে এখাতে ৩০ জুন, ২০১৭ খ্রি. তারিখের পরও কার্যকর গ্যারান্টির পরিমাণ দাঁড়িয়েছে ৩৬,৪১১.৩৩ কোটি টাকায়। কৃষি ঋণ খাতে গ্যারান্টি ৯,১৫৫ কোটি টাকায় অপরিবর্তিত রয়েছে। কিন্তু বিমান খাতে গ্যারান্টি কিছুটা কমে ৬,৫৫২.৪০ কোটি টাকা এবং বিবিধ খাতে গ্যারান্টি কমে ৩,৯৬৩.৬৫ কোটি টাকা রয়েছে। এর ফলে সামগ্রিকভাবে ৩০ জুন, ২০১৭ এর পর কার্যকর গ্যারান্টির পরিমাণ প্রায় ১৪,১৩৩.১২ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। গ্যারান্টি বৃদ্ধি পাওয়ার পেছনে মূল ভূমিকা রয়েছে বিদ্যুৎ খাতের।

### ২.৪.২ সরকারের বিনিয়োগসমূহ:

২০১৭-২০১৮ অর্থবছর পর্যন্ত শেয়ার ইকুয়িটিতে সরকার কর্তৃক ২৯,৫৭৯ কোটি টাকা বিনিয়োগ করা হয় যা বিগত ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ২,৩৭৪ কোটি টাকা বেশি।

এছাড়াও সরকার বিভিন্ন প্রতিষ্ঠানকে ১,৭৯,৯৮১ কোটি টাকা ঋণ প্রদান করে যা বিগত ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ১০,৩৮৯ কোটি টাকা বেশি। এর মধ্যে অনুন্নয়ন খাতে স্থিতি ১,০৯,৪৪৩ কোটি টাকা এবং উন্নয়ন খাতে স্থিতি ৭০,৫৩৮ কোটি টাকা ঋণ প্রদান করা হয়েছে।

### ২.৪.৩ সরকার কর্তৃক প্রদত্ত ঋণ ও অগ্রিম:

সরকারি কর্মচারীদের জন্য প্রদেয় ঋণ ও অগ্রিমের স্থিতি ৭৩৫ কোটি টাকা যা বিগত ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ২৫১ কোটি টাকা বেশি। সরকারি কর্মচারীদের ঋণ ও অগ্রিম প্রদানের হার কমে আসলেও ফেরতযোগ্য অগ্রিম প্রদানের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ফেরতযোগ্য অগ্রিমের স্থিতি প্রায় ৫১.৮৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

### ২.৫ অবসর ভাতা ও আনুতোষিকের হিসাব:

২০১৬-২০১৭ অর্থবছরে অবসর ভাতা ও আনুতোষিক বাবদ মোট ১৬,০৩১ কোটি টাকা ব্যয় করা হয়। ২০১৭-২০১৮ অর্থবছরে অবসর ভাতা ও আনুতোষিক বাবদ মোট ১৫,৬২৯ কোটি টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় ২০১৭-২০১৮ অর্থবছরে অবসরভাতা ও আনুতোষিক বাবদ ২.৫১ শতাংশ কম ব্যয় হয়েছে। নিচের সারণিতে বিগত চার অর্থবছরের অবসর ভাতা ও আনুতোষিক পরিশোধের একটি তুলনামূলক চিত্র তুলে ধরা হলো।

(কোটি টাকায়)

	২০১৭-২০১৮	২০১৬-২০১৭	২০১৫-২০১৬	২০১৪-২০১৫
অর্থের পরিমাণ	১৫৬২৯	১৬০৩১	১০৪৫৫	৭১২৮
প্রবৃদ্ধি (%)	(-২.৫১)	০.৫৪	৪.৬৭	৩১.৮০

উল্লেখ্য ২০১৭-২০১৮ অর্থবছর হতে পেনশন ও আনুতোষিকের বাজেট কেন্দ্রীয়ভাবে অর্থ বিভাগের উপর ন্যস্ত করা হয়েছে। সুতরাং এখাতে সকল ব্যয় অর্থ বিভাগের বাজেট হতে নির্বাহ করা হয়ে থাকে।

## ২.৬ রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ডের হিসাব:

২০১৭-২০১৮ অর্থবছর শেষে রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ডের স্থিতি ৪০,৫৩১ কোটি টাকায় দাঁড়িয়েছে যা ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় প্রায় ৪,৬৯৮ কোটি টাকা বেশি। ২০১৬-২০১৭ অর্থবছরের এখাতে স্থিতি ছিল ৩৫,৮৩৩ কোটি টাকা এবং ২০১৫-২০১৬ অর্থবছরে যা ছিল ৩১,৬৯৮ কোটি টাকা।

রাষ্ট্রীয় প্রভিডেন্ট ফান্ডের সুদ বাবদ ২০১৭-২০১৮ অর্থবছরের ব্যয় হয় ৪,৭৯৫ কোটি টাকা। ২০১৬-২০১৭ ও ২০১৫-২০১৬ অর্থবছরে এ বাবদ যথাক্রমে মোট ৪,০৭৮ কোটি ও ৩,৫৬৫ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

## ২.৭ কর বহির্ভূত রাজস্ব হিসাব:

২০১৭-২০১৮ অর্থবছরে কর বহির্ভূত রাজস্ব হিসাবে সরকার মোট ২১,৪৪৩ কোটি আহরণে সমর্থ হয়। ২০১৬-২০১৭ অর্থবছরে এই আহরণের পরিমাণ ছিল ৩০,৩০২ কোটি টাকা যা ২০১৫-২০১৬ অর্থবছরে ছিল ১৯,৮৪১ কোটি টাকা। ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ অর্থবছরের এখাতে যথাক্রমে ২৩ শতাংশ হ্রাস ও ৫৩ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে।

## ২.৮ রাষ্ট্রীয় বাণিজ্য:

২০১৭-২০১৮ অর্থবছরে রাষ্ট্রীয় বাণিজ্য খাতে ৬,৮২১ কোটি টাকা আয় হয়। যার বিপরীতে মোট ১৫,১৭৬ কোটি টাকা ব্যয় হয়। সুতরাং রাষ্ট্রীয় বাণিজ্য খাতে সরকার ৮,৩৫৫ কোটি টাকা ক্ষতির সম্মুখীন হয়। অপরদিকে ২০১৬-২০১৭ অর্থবছরের এখাতে সরকারের আয় হয় ৯,০০৯ কোটি টাকা যার বিপরীতে সরকার ব্যয় করে ৬,৩৫৫ কোটি টাকা। সুতরাং ২০১৬-২০১৭ অর্থবছরে সরকার রাষ্ট্রীয় বাণিজ্যে ২,৬৫৪ কোটি টাকা লাভ করেছে।

অনুরূপ ভাবে ২০১৫-২০১৬ অর্থবছরে সরকার ৭,৬৬৩ কোটি টাকা আয় করে এবং এর বিপরীতে ব্যয় করে ৫,৪১৪ কোটি টাকা। যার ফলে সরকারের লাভ হয় ২,২৪৯ কোটি টাকা।

## ২.৯ সরকারের সম্পদ বিক্রয় হিসাব:

সরকার সম্পদ বিক্রয়ের মাধ্যমে ২০১৭-২০১৮ অর্থবছরে মোট ৭০০ কোটি টাকা আয় করে। ২০১৬-২০১৭ অর্থবছরে এই খাতে আয়ের পরিমাণ ছিল ২৩৮ কোটি টাকা এবং তারও এক বছর পূর্বে এখাতে আয় হয়েছে ৭১ কোটি টাকা। ২০১৭-২০১৮ অর্থবছরে সরকার ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় প্রায় তিনগুণ সম্পদ বিক্রয় করেছে।

## ২.১০ বৈদেশিক সাহায্য মঞ্জুরির হিসাব:

২০১৭-২০১৮ অর্থবছরে সরকার বৈদেশিক সাহায্য মঞ্জুরি বাবদ ১,৬২২ কোটি টাকা সংগ্রহ করে যা ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় প্রায় ৪.৮৫ শতাংশ বৃদ্ধি। ২০১৬-২০১৭ অর্থবছরে বৈদেশিক সাহায্য মঞ্জুরি বাবদ সরকারের প্রাপ্তি ছিল ১,৫৪৭ কোটি টাকা।

## ২.১১ সঞ্চয়পত্র হিসাব:

২০১৭-২০১৮ অর্থবছরের সঞ্চয়পত্র খাতে সরকারের দায় মোট ১,৮৯,২৭৭ কোটি টাকা যা ২০১৬-২০১৭ অর্থবছরের তুলনায় প্রায় ২৩.৯৪ শতাংশ বেশি। ২০১৬-২০১৭ অর্থবছরে এই দায়ের স্থিতি ছিল ১,৫২,৭১৫ কোটি টাকা। ২০১৭-২০১৮ অর্থবছরে সঞ্চয়পত্র বিক্রি বাবদ সরকার ৬১,২৩২ কোটি টাকা আয় করে এবং এখাতে মোট ২৪,৬৭১ কোটি টাকা পরিশোধ করে। ২০১৬-২০১৭ অর্থবছরে এখাতে মোট আয় ও পরিশোধের পরিমাণ ছিল যথাক্রমে ৫৮,৫১৫ কোটি টাকা ও ১৬,৪২৭ কোটি টাকা।

## ২.১২ ডাকঘর সঞ্চয় ব্যাংক:

২০১৭-২০১৮ অর্থবছরে ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা ছিল ২৯,৯৪৮ কোটি টাকা, যা ২০১৬-২০১৭ অর্থবছরে ছিল ২২,৩৪৩ কোটি টাকা। এক বছরের ব্যবধানে জমার পরিমাণ প্রায় ৩৪.০৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে এখাতে জমা হয়েছে ১৫,৩৩৩ কোটি টাকা এবং এখাত হতে পরিশোধ করা হয়েছে ৭,৭২৯ কোটি টাকা। ২০১৬-২০১৭ অর্থবছরে এখাতে জমা ও পরিশোধের পরিমাণ যথাক্রমে ১২,৩৩১ কোটি ও ৫,৯০৭ কোটি টাকা।

### ২.১৩ সঞ্চয় বন্ডসমূহ:

২০১৭-২০১৮ অর্থবছরের সঞ্চয় বন্ডসমূহের বিপরীতে সরকারের দায়ের স্থিতি ১৫,৫৯২ কোটি টাকা যা ২০১৬-২০১৭ অর্থবছরে ছিল ১৩,৪৪৫ কোটি টাকা। এক বছরের ব্যবধানে যা প্রায় ১৫.৯৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে সরকার সঞ্চয় বন্ড বিক্রি করে ২,৩৬১ কোটি টাকা আয় করে এবং এখাতে মোট ২১৫ কোটি টাকা পরিশোধ করে। ২০১৬-২০১৭ অর্থবছরে এখাতে আয় ও পরিশোধের পরিমাণ ছিল যথাক্রমে ১,৪৪৭ কোটি ও ১৭১ কোটি টাকা।

### ২.১৪ অগ্রিম আয়কর জমার হিসাব:

৩০শে জুন, ২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত অগ্রিম আয়কর জমা খাতে স্থিতি ৩.৬২ কোটি টাকা। কিন্তু এক বছর পূর্বে ৩০শে জুন, ২০১৭ খ্রি. তারিখে এ খাতে জমা ছিল ০.৪৬ কোটি টাকা। উল্লেখ্য ২০১৫-২০১৬ অর্থবছর শেষে এই খাতে জমা ছিল ০.৬৭ কোটি টাকা।

## ଅଧ୍ୟାୟ-୦୩



## উপযোজন হিসাবের পরিচিতি

### ৩.১ ভূমিকা:

সংবিধানের ৯০ নং অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে সংসদ কর্তৃক প্রণীত নির্দিষ্টকরণ আইন এর মাধ্যমে বিভিন্ন মঞ্জুরি ও বরাদ্দের বিপরীতে নির্ধারিত কার্যাবলী ও উদ্দেশ্য সম্পাদনকল্পে কোন একটি অর্থবছরের নিমিত্ত সংযুক্ত তহবিল হতে উত্তোলনকৃত অর্থের এবং উদ্বৃত্ত ও অতিরিক্ত খরচের ব্যাখ্যা সম্বলিত হিসাবকে উপযোজন হিসাব বলে। উল্লেখ্য উপযোজন হিসাব প্রণয়নকালে সংবিধানের ৯১ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে সংসদ কর্তৃক আইনের মাধ্যমে অনুমোদিত সম্পূরক ও অতিরিক্ত মঞ্জুরি ও বরাদ্দের পরিমাণকে সমন্বয় করে চূড়ান্ত মঞ্জুরি/বরাদ্দ নির্ধারণ করা হয়। সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ১৭ (১) ধারা মোতাবেক সকল প্রধান হিসাবদানকারী অফিসার নির্ধারিত পদ্ধতিতে স্ব স্ব মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠানের হিসাব সংরক্ষণ এবং উক্ত হিসাব সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয়ে রক্ষিত হিসাবের সাথে নিয়মিতভাবে সঙ্গতিসাধন করবেন। ১৭ (২) ধারা মোতাবেক অর্থবছর শেষ হইবার পর প্রধান হিসাবদানকারী অফিসার বার্ষিক উপযোজন হিসাব প্রণয়ন করার জন্য দায়িত্বপ্রাপ্ত। উপযোজন হিসাবে মঞ্জুরি ও বরাদ্দের বিপরীতে সংসদ কর্তৃক অনুমোদিত ব্যয়ের সাথে প্রকৃত ব্যয়ের তুলনা করা হয়। বরাদ্দ ও ব্যয়ের পার্থক্যের জন্য খাত/কোডরেঞ্জ ভিত্তিক ব্যাখ্যা প্রদান করা হয়। এভাবে উপযোজন হিসাবে কোন মন্ত্রণালয় এবং বিভাগ সংশ্লিষ্ট অর্থবছরে অনুমোদিত বরাদ্দের সাথে ব্যয় কতটা সামঞ্জস্যপূর্ণতা তা প্রতিফলিত হয়ে থাকে।

### ৩.১.১ বাজেট প্রণয়ন:

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১ এর জারিকৃত বাজেট পরিপত্র-১ ও ২ মাধ্যমে সরকারি ব্যয়ের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি জন্য মধ্যমেয়াদি বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ করা হয়। মধ্যমেয়াদি বাজেটে সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জন নিশ্চিত করার উদ্দেশ্যে অর্থনৈতিক কোড অনুসারে রাজস্ব প্রাপ্তি ও ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়।

মন্ত্রণালয় ও বিভাগসমূহ কর্তৃক অর্থ বিভাগের পরিপত্রে বিধৃত প্রক্রিয়া/পদ্ধতি অনুসারে বাজেট কাঠামো হালনাগাদ ও সংশোধন করে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করে। অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের সাথে আলোচনাক্রমে বাজেট কাঠামো চূড়ান্ত করে এবং অনুমোদনের জন্য সংসদে উপস্থাপন করা হয়। সংসদ কর্তৃক অনুমোদিত হলে অর্থ বিভাগ প্রয়োজনীয় নির্দেশনাসহ বাজেট সকল সরকারি দপ্তরে প্রেরণ করে। এই নির্দেশাবলী বরাদ্দের বিপরীতে বাস্তবসম্মতভাবে প্রয়োজনীয় ব্যয় মেটাতে এবং অব্যয়িত ব্যালেন্স এড়ানো নিশ্চিত করতে সাহায্য করে।

### ৩.১.২ হিসাবরক্ষণ ও নিরীক্ষা:

প্রধান হিসাবদানকারী কর্মকর্তা স্ব স্ব মঞ্জুরির উপযোজন হিসাব প্রস্তুত করে স্বাক্ষরপূর্বক চিফ একাউন্টস ও ফিন্যান্স অফিসার এর কার্যালয়ের মাধ্যমে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অডিট অধিদপ্তরে নিরীক্ষা প্রত্যয়নের জন্য প্রেরণ করে। অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষা প্রত্যয়ন প্রদানপূর্বক প্রত্যয়নসমূহ একীভূতকরণের লক্ষ্যে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়। সিভিল অডিট অধিদপ্তর বেসামরিক মঞ্জুরিসমূহের উপযোজন হিসাবের উপর সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের নিরীক্ষা প্রত্যয়ন গ্রহণ করে প্রাপ্ত সকল নিরীক্ষা প্যবেক্ষণ একীভূত করে তা নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করে এবং একটি একীভূত “প্রত্যয়ন” প্রণয়ন করে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের স্বাক্ষরের জন্য প্রেরণ করে। প্রতিরক্ষা বিভাগ, রেলপথ এবং ডাক বিভাগ স্ব স্ব উপযোজন হিসাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর প্রেরণ করে। হিসাবসমূহ নিরীক্ষার পর একটি প্রত্যয়ন পত্র তৈরি করে উক্ত অডিট অধিদপ্তরসমূহ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের স্বাক্ষরের জন্য সিএজি কার্যালয়ে প্রেরণ করে।

২০১৭-২০১৮ অর্থবছরে বেসামরিক, প্রতিরক্ষা, ডাক ও রেলওয়ের মোট ৬৪ টি মঞ্জুরির বিপরীতে অনুমোদিত বরাদ্দের পরিমাণ ৫৯৩৫৮২.৫১ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ৪৭৭৯২১.২৯ কোটি টাকা। যার বিস্তারিত বিবরণ সারণি ৩.১ এ উল্লেখ করা হলো।

সারণি-৩.১ বরাদ্দ ও ব্যয়ের বিবরণ

(কোটি টাকায়)

ক্রঃ নং	উপযোজন হিসাব	মঞ্জুরি/বরাদ্দ সংখ্যা	মূল বরাদ্দ	পুনঃউপযোজন/ সম্পূরক বরাদ্দ	মোট বরাদ্দ	প্রকৃত ব্যয়
১	বেসামরিক	৬০	৫৩৫২১৪.১৬	১৫৩৩৯.৮২	৫৫০৫৫৩.৯৮	৪৩৪৯৪৪.৭৬
২	প্রতিরক্ষা	২	২৩৭০৩.৭৫ ৩০৪১.০০	১৩৮৬.৫৮ ০০.০০	২৪৯৮১.৯৫ ৩০৪১.০০	২৫৪৬১.৭৪ ৩০০১.১৮
৩	ডাক	১	৯৯০.৯০	৫৯.৫৪	১০৫০.৪৪	৯৩০.৩৮
৪	রেলওয়ে	১	১৫৫৫১.৩৬	৫০.০০	১৩৯৫৫.১৪	১৩৫৮৩.২৩
	মোট =	৬৪	৫৭৮৫০১.১৭	১৬৮৩৫.৯৪	৫৯৫৩৩৭.১১	৪৭৭৯২১.২৯

৩.২ অনুমোদিত মঞ্জুরি হতে বিচ্যুতি (Deviation from the approved grant):

সংবিধানের ৯০ (৩) অনুচ্ছেদ মোতাবেক বরাদ্দ ব্যতীত সংযুক্ত তহবিল হতে কোন অর্থ উত্তোলন করা যাবে না। জেনারেল ফিন্যান্সিয়াল রুলস্ এর বিধি-৯ মোতাবেক “সাধারণত কোন কর্তৃপক্ষ নির্দিষ্ট বছরের অনুমোদিত মঞ্জুরি এবং উপযোজনে কোন ব্যয়ে অন্তর্ভুক্ত না থাকলে এবং সরকার অথবা সরকার কর্তৃক এই মর্মে ক্ষমতা প্রাপ্ত কর্তৃপক্ষের সাধারণ কিংবা বিশেষ নির্দেশাবলী দ্বারা ব্যয় মঞ্জুরিকৃত না হলে কোন কর্তৃপক্ষ সরকারি তহবিল হতে ব্যয় সাপেক্ষ কোন দায় গ্রহণ কিংবা ব্যয় নির্বাহ করতে পারবেন না”। ভবিষ্যতে বরাদ্দ পাওয়া যাবে এমন আশায় অতিরিক্ত ব্যয় করা যাবে না। মূল বরাদ্দ এবং সম্পূরক বরাদ্দকে হিসাবে অন্তর্ভুক্ত করে প্রাপ্ত চূড়ান্ত বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ অধিক হলে অতিরিক্ত ব্যয়কে সংবিধানের ৯১ অনুচ্ছেদ অনুসারে সংসদ কর্তৃক অনুমোদনের মাধ্যমে বৈধতা প্রদান করা প্রয়োজন। সংসদ কর্তৃক অনুমোদনের ক্ষেত্রে সংবিধানের ৯১ অনুচ্ছেদে প্রদত্ত বিধান মোতাবেক সংবিধানের ৮৭-৯০ অনুচ্ছেদ অনুসরণ করা প্রয়োজন।

সংবিধানের ৯১ অনুচ্ছেদে সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও ২০১৭-২০১৮ অর্থবছরে সংঘটিত অতিরিক্ত ব্যয় জাতীয় সংসদে উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করা হয়নি। অধিকন্তু অন্যান্য বছরের ন্যায় চলতি অর্থবছরেও একদিকে যেমন কোন কোন মন্ত্রণালয়/বিভাগে প্রাক্কলিত বাজেটের তুলনায় অতিরিক্ত ব্যয় করা হয়েছে, অন্যদিকে তেমনি কোন কোন মন্ত্রণালয়/বিভাগে বাজেট উদ্বৃত্ত রয়েছে।

সংসদ কর্তৃক নির্দিষ্টকরণ আইন, ২০১৭ এর মাধ্যমে সংযুক্ত তহবিল হতে ৫,৩৫,২১৪.১৬ কোটি এবং নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৮ এর মাধ্যমে ১৫,৩৩৯.৮২ কোটি টাকা উত্তোলন করার অনুমোদন প্রদান করা হয়। সংসদ কর্তৃক অনুমোদিত মোট ৫,৫০,৫৫৩.৯৮ কোটি টাকা বরাদ্দ হতে সরকার কর্তৃক ২০১৭-২০১৮ অর্থবছরে সংযুক্ত তহবিল হতে মোট ৪,৩৪,৯৪৪.৭৬ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

নির্দিষ্টকৃত মোট অর্থের মধ্যে “সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত” ব্যয়ের জন্য বরাদ্দ ১,৬৫,৬৯৬ কোটি টাকা এবং “সংসদ কর্তৃক ভোটে গৃহীত” বা অন্যান্য ব্যয় খাতে মোট ৩,৮৪,৮৫৭.৯৮ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। উক্ত বরাদ্দের বিপরীতে সরকার কর্তৃক দায়যুক্ত ব্যয় খাতে ১,৭৫,১২৩.৬১ কোটি টাকা ও ভোটে গৃহীত বরাদ্দ হতে ২,৬৭,৪৯৭.২২ কোটি টাকা ব্যয় করা হয়েছে। দায়যুক্ত ব্যয় খাতে অতিরিক্ত ব্যয় হয়েছে (১,৭৫,১২৩.৬১ - ১,৬৫,৬৯৬)=৯,৪২৭.৬১ কোটি টাকা (যা পরিশিষ্ট “৭” তে প্রদর্শন করা হলো)। দায়যুক্ত ব্যয় খাতে অতিরিক্ত ব্যয়ের বিষয়টি সংসদে আইন পাশের মাধ্যমে বৈধ করা আবশ্যিক।

হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় কর্তৃক সংকলিত উপযোজন হিসাবে দেখা যায় যে, বেশ কয়েকটি মন্ত্রণালয় ও বিভাগে বরাদ্দের অতিরিক্ত ব্যয় প্রদর্শিত হচ্ছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে আরো সতর্কতার সাথে প্রয়োজনীয় তহবিলের প্রাক্কলন করা প্রয়োজন। এ সংক্রান্ত বিষয়ে অর্থবিভাগ কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা জারি করা যেতে পারে।

মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক যাচাই বাছাইপূর্বক সঠিকভাবে বাজেট প্রাক্কলন করা হলে অতিরিক্ত ব্যয় উল্লেখযোগ্যভাবে হ্রাস করা সম্ভব। এই রিপোর্টের পরবর্তী অনুচ্ছেদসমূহে বাজেট প্রাক্কলনের তুলনায় অতিরিক্ত ব্যয় ও উদ্বৃত্ত বরাদ্দের তুলনামূলক বিশ্লেষণ তুলে ধরা হয়েছে।

### ১. নির্দিষ্টকৃত অর্থের অতিরিক্ত ব্যয়:

নির্দিষ্টকরণ আইন, ২০১৭ অনুযায়ী ২০১৭-২০১৮ অর্থবছরে বস্ত্র ও পাট মন্ত্রণালয় (মঞ্জুরি নং-৩৭), নৌ-পরিবহন মন্ত্রণালয় (মঞ্জুরি নং-৪৮) ও বিদ্যুৎ বিভাগ (মঞ্জুরি নং-৫২) এর বিপরীতে তফসিলের কলাম-০৫ এ উল্লিখিত মোট মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ যথাক্রমে ৮৯৫.২৮ কোটি টাকা, ২,৭৩২.০০ কোটি টাকা ও ১৮,৮৯৪.৪২ কোটি টাকা এবং নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৮ অনুযায়ী উক্ত মঞ্জুরির বিপরীতে তফসিলের কলাম-০৫ এ উল্লিখিত মোট সম্পূরক মঞ্জুরির পরিমাণ যথাক্রমে ০.০০ কোটি, ১৭৩.৭৭ কোটি টাকা ও ৩,৯২৬.১২ কোটি টাকা। সুতরাং সংশ্লিষ্ট মঞ্জুরির অনুকূলে সংযুক্ত তহবিল হতে অনধিক যথাক্রমে ৮৯৫.২৮ কোটি টাকা, ২,৯০৫.৭৭ কোটি টাকা ও ২২,৮২০.৫৪ কোটি টাকা ব্যয় করার জন্য অনুমতি প্রাপ্ত। কিন্তু উপযোজন হিসাবে পরিলক্ষিত হয় যে, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (মঞ্জুরি নং-৩৭), নৌ-পরিবহন মন্ত্রণালয় (মঞ্জুরি নং ৪৮) ও বিদ্যুৎ বিভাগ (মঞ্জুরি নং ৫২) যথাক্রমে ৯৪৫.২৯ কোটি টাকা, ২,৯৮২.১৪ কোটি টাকা ও ২৬,৭১৮.৩৪ কোটি টাকা ব্যয় করেছে। ফলে আইনের ব্যত্যয় ঘটিয়ে বরাদ্দের বিপরীতে যথাক্রমে ৫০.০১ কোটি টাকা, ৭৬.৩৬ কোটি টাকা ও ৩,৮৯৭.৮০ কোটি টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে (যা পরিশিষ্ট “৮” তে প্রদর্শন করা হলো)। নির্দিষ্টকৃত অর্থের অতিরিক্ত ব্যয়ের বিষয়টি সংসদে আইন পাশের মাধ্যমে বৈধ করা আবশ্যিক।

### ২. দায়যুক্ত নির্দিষ্টকৃত অর্থের অতিরিক্ত ব্যয়:

নির্দিষ্টকরণ আইন, ২০১৭ অনুযায়ী ২০১৭-২০১৮ অর্থবছরে অর্থ বিভাগ (মঞ্জুরি নং-০৭) এর বিপরীতে তফসিলের কলাম-০৩ সংযুক্ত তহবিলের উপর দায় খাতে উল্লিখিত মোট মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ ১,৫২,৬৯৭.০৬ কোটি টাকা। সুতরাং সংশ্লিষ্ট মঞ্জুরির অনুকূলে সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত খাত হতে অনধিক ১,৫২,৬৯৭.০৬ কোটি টাকা ব্যয় করার জন্য অনুমতি প্রাপ্ত। কিন্তু উপযোজন হিসাবে পরিলক্ষিত হয় যে, অর্থ বিভাগ ১,৬২,৫০৬.২৬ কোটি টাকা ব্যয় করেছে। ফলে আইনের ব্যত্যয় ঘটিয়ে বরাদ্দের ৯,৮০৯.২০ কোটি টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে (যা পরিশিষ্ট “৯” তে প্রদর্শন করা হলো)। অতিরিক্ত ব্যয়ের বিষয়টি সংসদে আইন পাশের মাধ্যমে বৈধ করা আবশ্যিক।

### ৩.৩ মঞ্জুরি/ বরাদ্দের অতিরিক্ত ব্যয় (অনুলম্বন):

২০১৭-২০১৮ অর্থবছরে উপযোজন হিসাব প্যালোচনায় দেখা যায় ৩টি মন্ত্রণালয়/বিভাগ যথাক্রমে অর্থ বিভাগ, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুলম্বন বাজেটে চূড়ান্ত বরাদ্দ ছিল ১,৭৮,৯৫৮.৫৪ কোটি টাকা এবং প্রকৃত ব্যয় হয়েছে ১,৮৫,২৮৭.৫৫ কোটি টাকা। চূড়ান্ত বরাদ্দ অপেক্ষা (১,৭৮,৯৫৮.৫৪ - ১,৮৫,২৮৭.৫৫) = ৬,৩২৯.০২ কোটি টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে। উক্ত অতিরিক্ত ব্যয় চূড়ান্ত বরাদ্দের ৩.৫৪%, অগ্রাধিকার ভিত্তিতে ব্যয়ান্তর মঞ্জুরির মাধ্যমে বিষয়টি নিয়মিত করার প্রয়োজন ছিল। যার বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-“১০” এ দেখানো হলো।

৩.৩.১ অর্থ বিভাগ (মঞ্জুরি-০৭) এর অবসর ভাতা ও আনুতোষিক ভাতা খাতে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সমাজ কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্যসেবা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ (অধিদপ্তর ব্যতীত), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, সুপ্রীম কোর্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, দুর্নীতি দমন কমিশন, বাংলাদেশ ব্যাংক এর মেয়াদী ঋণের সুদ ও চলতি ঋণের সুদ, চলতি ঋণ-আসল পরিশোধ, সরকারি বিভাগের ভবিষ্যত তহবিলের উপর সুদ, জাতীয় সঞ্চয় পত্রের উপর সুদ মোট বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত ব্যয় হয়েছে। সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ব্যাখ্যায় এটি মন্ত্রণালয়ের হিসাবের অন্তর্ভুক্ত নয় বিধায় উদ্বৃত্ত রয়েছে বলা হলেও উপযোজন হিসাবে অতিরিক্ত ব্যয় হিসাবে প্রদর্শিত হচ্ছে। এছাড়াও সাহায্য মঞ্জুরি, কর্মচারীদের বেতন ভাতা, মেরামত ও সংরক্ষণ, সরবরাহ ও সেবা খাতে এবং সম্পদ সংগ্রহ খাতে বরাদ্দের অতিরিক্ত ব্যয় হয়েছে।

৩.৩.২ বস্ত্র ও পাট মন্ত্রণালয় (মঞ্জুরি-৩৭) এর বাংলাদেশ পাটকল কর্পোরেশন এর ঋণ ও অগ্রিম খাতে মোট বরাদ্দের বিপরীতে প্রকৃত ব্যয় অতিরিক্ত ব্যয় হয়েছে। প্রধান হিসাবদানকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ব্যাখ্যায় অতিরিক্ত ব্যয় হয়নি বলা হলেও উপযোজন হিসাবে অতিরিক্ত ব্যয় প্রদর্শিত হচ্ছে।

৩.৩.৩ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে (মঞ্জুরি-৩৮) বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত ব্যয় হয়েছে। উক্ত মন্ত্রণালয়ের সচিবালয় এর গ্যাস উন্নয়ন তহবিল খাতে বরাদ্দ অতিরিক্ত ব্যয় করা হলেও প্রধান হিসাবদানকারী অফিসার কর্তৃক কোন ব্যাখ্যা প্রদান করা হয়নি।

#### ৩.৪ মঞ্জুরি/বরাদ্দের অতিরিক্ত ব্যয় (উন্নয়ন):

২০১৭-২০১৮ অর্থবছরে উপযোজন হিসাবের মঞ্জুরির উন্নয়ন অংশে দেখা যায় যে, ০৩টি মন্ত্রণালয়/বিভাগ যথাক্রমে নৌ-পরিবহণ মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বিদ্যুৎ বিভাগ কর্তৃক উন্নয়ন বাজেটে মূল বরাদ্দ ছিল ২৬,০৪০.৮৫ কোটি টাকা এবং প্রকৃত ব্যয় হয়েছে ৩০,২৬৯.০৭ কোটি টাকা। চূড়ান্ত মঞ্জুরি অপেক্ষা (২৬,০৪০.৮৫ - ৩০,২৬৯.০৭) = - ৪,২২৮.২২ কোটি টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে (যা পরিশিষ্ট “১১” তে প্রদর্শন করা হলো)। উক্ত অতিরিক্ত ব্যয় চূড়ান্ত মঞ্জুরির ১৬.২৪% যা অগ্রাধিকার ভিত্তিতে ব্যয়োত্তর মঞ্জুরির মাধ্যমে বিষয়টি নিয়মিত করার প্রয়োজন ছিল।

৩.৪.১ প্রতিরক্ষা মন্ত্রণালয় (মঞ্জুরি-১৫) এর উন্নয়ন খাতে চূড়ান্ত মঞ্জুরি ৯৩০.০০ কোটি টাকার বিপরীতে প্রকৃত ব্যয় ১১৫২.৫৫ কোটি টাকা হওয়ায় অতিরিক্ত ব্যয় হয়েছে (১১৫২.৫৫ - ৯৩০.০০) = ২২২.৫৫ কোটি টাকা।

৩.৪.২ নৌ-পরিবহণ মন্ত্রণালয় (মঞ্জুরি-৪৮) এর উন্নয়ন খাতে চূড়ান্ত মঞ্জুরি ২৩৫৩.৪১ কোটি টাকার বিপরীতে প্রকৃত ব্যয় ২৪৩৯.০৪ কোটি টাকা হওয়ায় (২৪৩৯.০৪ - ২৩৫৩.৪১) = ৮৫.৬৩ কোটি টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে।

৩.৪.৩ বিদ্যুৎ বিভাগ (মঞ্জুরি-৫২) এর উন্নয়ন খাতে চূড়ান্ত মঞ্জুরি ছিল ২২৭৫৭.৪৪ কোটি টাকা এবং প্রকৃত ব্যয় হয়েছে ২৬৬৭৭.৪৮ কোটি টাকা। অর্থাৎ বিভাগের আওতাধীন বিভিন্ন প্রকল্পের মূলধন খাতে বরাদ্দ অপেক্ষা (২৬৬৭৭.৪৮ - ২২৭৫৭.৪৪) = ৩৯২০.০৪ কোটি টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে।

উপর্যুক্ত অতিরিক্ত ব্যয়সমূহ সংবিধানের ৯১ অনুচ্ছেদের লঙ্ঘন। কারণ উক্ত অনুচ্ছেদ অনুসারে সংবিধানের অনুমতি ব্যতীত কোনরূপ অতিরিক্ত ব্যয় নির্বাহ করা যাবে না। কোন ব্যয় অত্যাৱশ্যকীয় বলে প্রতীয়মান হলে অর্থ মন্ত্রণালয়ের মাধ্যমে প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান করতে হবে এবং জাতীয় সংসদের যথাযথ অনুমোদনের মাধ্যমে সম্পূর্ণক বাজেটে এর প্রতিফলন ঘটাতে হবে।

#### ৩.৫ মঞ্জুরি/বরাদ্দ উদ্ধৃত ব্যয় (অনুময়ন):

২০১৭-২০১৮ অর্থবছরে উপযোজন হিসাবে প্রদর্শিত ১০০ কোটি টাকার উর্ধ্বে উদ্ধৃতের ক্ষেত্রে দেখা যায় ১৮টি মন্ত্রণালয়/বিভাগ অনুময়ন বাজেটে চূড়ান্ত মঞ্জুরি ১২৩৬২৪.৩১ কোটি টাকা প্রদান করা হলেও প্রকৃত ব্যয় ১১১৯১৭.৪১ কোটি টাকা হওয়ায় উদ্ধৃত রয়েছে ১১৭০৬.৯০ কোটি টাকা। উক্ত উদ্ধৃতের পরিমাণ চূড়ান্ত মঞ্জুরির ৯.৪৭%। এই উদ্ধৃত অর্থ যথা সময়ে সমর্পণ করা হলে প্রজাতন্ত্রের অন্য কোন গুরুত্বপূর্ণ খাতে ব্যবহার করা যেত। এছাড়া অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের ব্যয় নিদিষ্ট সীমার মধ্যে রয়েছে। মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-১২ এ দেখানো হলো।

৩.৫.১ জনপ্রশাসন মন্ত্রণালয়ের (মঞ্জুরি ০৫) এর বেতনভাতা খাতের বিপরীতে প্রকৃত ব্যয় কম হওয়ায় উদ্ধৃত রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবালয় এর বেতনভাতা, সরবরাহ ও সেবা, সরকারি কর্মচারীদের জন্য ঋণ ও অগ্রিম, জেলা প্রশাসন অফিসে বেতনভাতা, সরবরাহ ও সেবা খাত, উপজেলা প্রশাসন এর অধীনস্থ অফিসে বেতনভাতা ও সরবরাহ ও সেবা, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর স্টেশনারি স্টোরস এর সরবরাহ ও সেবা খাত, সরকারি সড়ক পরিবহণ অফিসের সম্পদ সংগ্রহ খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্ধৃত রয়েছে। উক্ত উদ্ধৃত অর্থের বিষয়ে প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা পাওয়া যায়নি।

৩.৫.২ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মঞ্জুরি ০৮) এর জাতীয় রাজস্ব বোর্ড এর সরবরাহ ও সেবা, শুল্ক ভবন (আমদানি), চট্টগ্রাম এর সম্পদ সংগ্রহ এবং সরবরাহ ও সেবা, জাতীয় সঞ্চয় অধিদপ্তর অফিসের সরবরাহ ও সেবা, কর অঞ্চল-১০, ঢাকা, কর অঞ্চল-০৯, ঢাকা সরবরাহ ও সেবা কর অঞ্চল রংপুর অফিসে বেতনভাতাদি, কর

অঞ্চল-০১ চট্টগ্রাম, অফিসে ভূমি ও অন্যান্য সম্পত্তি সংগ্রহ, স্ট্যাম্প প্রশাসন-নন জুডিশিয়াল অফিসে সরবরাহ ও সেবা, শুল্ক ভবন, ঢাকার সরবরাহ ও সেবা, শুল্ক ভবন, মংলা অফিসে মেরামত ও সংরক্ষণ, কমিশনারেট অফিস, খুলনা এর সম্পদ সংগ্রহ খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে সরবরাহ ও সেবা খাতে ব্যয় সংকোচন নীতি অনুসরণ/দাবি/ক্রয় প্রক্রিয়া সম্পন্ন না হওয়া ও মেরামতে চাহিদা না থাকা, ভাতাদি খাতে বদলীজনিত কারণে এবং সম্পত্তি সংগ্রহ খাতে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন/ব্যয় না হওয়ায় ব্যাখ্যার প্রয়োজন নেই মর্মে উল্লেখ করেছেন। মেরামত ও সংরক্ষণ খাতে ব্যয় সংকোচন নীতি অনুসরণ করায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৫.৩** আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মঞ্জুরি ০৯) এর আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট, ফাইন্যান্সিং ব্রিক কিলন ইফিসিয়ালি ইমপ্রভমেন্ট প্রকল্প (বিকেইআইপি), ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট (এফএসএসপি), মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড অফিসে এর ঋণ ও অগ্রিম খাতে উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে ব্যয় হয়েছে বিধায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৫.৪** অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (মঞ্জুরি ১০) এর আন্তর্জাতিক উন্নয়ন প্রতিষ্ঠানসমূহ এর বৈদেশিক ঋণের উপর সুদ, বৈদেশিক ঋণ পরিশোধ খাতে উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে বিধি মোতাবেক ব্যয় হওয়ায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৫.৫** জননিরাপত্তা বিভাগ (মঞ্জুরি ১৯) এর বিজিবি সদর দপ্তর এর অফিসারদের বেতন, প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন, আনসার ব্যাটালিয়ন এর প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন, ভাতাদি, কোষ্টগার্ড এর ভাতাদি, সরবরাহ ও সেবা, সম্পদ সংগ্রহ/ক্রয়, ভূমি ও অন্যান্য সম্পত্তি সংগ্রহ, সশস্ত্র পুলিশ ব্যাটালিয়ন এর ভাতাদি, সরবরাহ ও সেবা, জেলা পুলিশ এর সরবরাহ ও সেবা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর ভাতাদি, সরবরাহ ও সেবা, শিল্পাঞ্চল, ইউনিট এর প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন, ভাতাদি, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন এর প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন, ভাতাদি, বাংলাদেশ পুলিশ অধিদপ্তর এর সরবরাহ ও সেবা, সম্পদ সংগ্রহ/ক্রয়, সচিবালয় এর সরবরাহ ও সেবা, থোক বরাদ্দ, সম্পদ সংগ্রহ/ক্রয় খাতে উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে প্রশাসনিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন না হওয়ায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৫.৬** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মঞ্জুরি ২১) এর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্পদ সংগ্রহ/ক্রয়, সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ এর প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন, উপজেলা শিক্ষা কার্যালয়ের প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন, ভাতাদি খাতে উদ্বৃত্ত রয়েছে।

**৩.৫.৭** স্বাস্থ্য সেবা বিভাগ (মঞ্জুরি ২৪) এর সচিবালয়ের সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ, সিভিল সার্জন কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য কার্যালয় এর বেতনভাতা জেলা হাসপাতাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পল্লী চিকিৎসা কেন্দ্র, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকা, মানসিক হাসপাতাল, পাবনা অফিসসমূহে বেতনভাতা, সরবরাহ ও সেবা খাতে উল্লেখযোগ্য পরিমাণ বরাদ্দ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে পদসমূহ পূরণ না হওয়ায় বেতনভাতা খাতে উদ্বৃত্ত রয়েছে এবং মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ, সরবরাহ ও সেবা খাতে প্রয়োজনের তুলনায় বাজেট বরাদ্দ বেশি হওয়ায় অর্থ উদ্বৃত্ত রয়েছে।

**৩.৫.৮** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (মঞ্জুরি ২৭) এর ভি.জি.ডি কার্যক্রমের সাহায্য মঞ্জুরি, মহিলা বিষয়ক অধিদপ্তরের সরবরাহ ও সেবা খাতে উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে খাদ্য সহায়তা বেশি থাকায় খরচের মান সন্তোষজনক হওয়ায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৫.৯** যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (মঞ্জুরি ৩৩) এর ন্যাশনাল সার্ভিসেস (যুব উন্নয়ন অধিদপ্তর) এর সাহায্য মঞ্জুরি খাতে এবং যুব উন্নয়ন অধিদপ্তর এর বেতনভাতা খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে বেতনভাতা খাতে পদশূন্য থাকায় উদ্বৃত্ত রয়েছে। এছাড়াও সাহায্য মঞ্জুরি খাতে ব্যয় না হওয়ায় উদ্বৃত্ত রয়েছে।

৩.৫.১০ স্থানীয় সরকার বিভাগ (মঞ্জুরি ৩৪) এর সচিবালয় এর সরবরাহ ও সেবা, জেলা এবং উপজেলা কার্যালয়সমূহের বেতনভাতাদি খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্ধৃত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে কর্মচারীগণের পদ শূন্য থাকায় উদ্ধৃত রয়েছে।

৩.৫.১১ কৃষি মন্ত্রণালয় (মঞ্জুরি ৩৯) এর ফিল্ড সার্ভিসেস বিভাগ অফিসে বেতনভাতাদি, উপজেলা কৃষি কার্যালয় এর বেতনভাতা ও সরবরাহ ও সেবা খাতে উদ্ধৃত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে কর্মচারীদের পদ শূন্য থাকায় উদ্ধৃত রয়েছে এবং সরবরাহ ও সেবা খাতে ব্যয় সংকোচন নীতি অনুসরণ করায় উদ্ধৃত রয়েছে।

৩.৫.১২ খাদ্য মন্ত্রণালয় (মঞ্জুরি ৪৪) এর খোলা বাজারে খাদ্য শস্য বিক্রয় বাবদ ভর্তুকি এর ভর্তুকি ও প্রনোদনা খাতে, খাদ্য সংগ্রহ কার্যক্রম এর নিজস্ব সম্পদ দ্বারা আমদানির রাষ্ট্রীয় বাণিজ্য খাতে, অন্যান্য খাদ্য ব্যবস্থাপনা কার্যক্রমের রাষ্ট্রীয় বাণিজ্য খাত, খাদ্য অধিদপ্তর এর মেরামত ও সংরক্ষণ খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্ধৃত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে রাষ্ট্রীয় বাণিজ্য খাতে লক্ষ্যমাত্রা অনুযায়ী গম আমদানি না হওয়ায়, খাদ্যশস্য আমদানি ও সংগ্রহ কম হওয়ায়, পরিবহণ ও খালাস কার্যক্রম হ্রাস পাওয়ায় এবং ঠিকাদার কর্তৃক সময়মত বিল উপস্থাপন না করায় এবং মেরামত ও সংরক্ষণ খাতে যথাসময়ের মধ্যে মেরামত কাজ সম্পন্ন না হওয়ায় উদ্ধৃত রয়েছে।

৩.৫.১৩ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরি ৪৫) এর সচিবালয় এর সরবরাহ ও সেবা খাত, ত্রাণ কার্যক্রমের সাহায্য মঞ্জুরি, ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমের ত্রাণ কাজের সেনাবাহিনী নিয়োগের সরবরাহ ও সেবা খাতে, পুনর্বাসন ক্যাম্পের সাহায্য মঞ্জুরি খাতে এবং ভি.জি.এফ. এর সাহায্য মঞ্জুরি খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্ধৃত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে সরবরাহ ও সেবা খাতে কৃচ্ছতা সাধন করায়, প্রাকৃতিক দুর্যোগ কম হওয়ায়, খাদ্য মন্ত্রণালয়ের খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ভি.জি.এফ. সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমসমূহ স্থগিত করায় উদ্ধৃত রয়েছে।

৩.৫.১৪ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মঞ্জুরি ৫৪) এর সচিবালয় এর সরবরাহ ও সেবা, স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান এর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা কার্যক্রম এর সাহায্য মঞ্জুরি খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্ধৃত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে পুরস্কার প্রদান অনুষ্ঠানের সিদ্ধান্ত বাতিল হওয়ায় এবং মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা এর চাহিদা না থাকায় অর্থ উদ্ধৃত রয়েছে।

৩.৫.১৫ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (মঞ্জুরি ৫৮) এর কারিগরি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়সমূহের বেতনভাতা, পলিটেকনিক ইনস্টিটিউটসমূহ এর সরবরাহ ও সেবা খাতে এবং বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সাহায্য মঞ্জুরি খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্ধৃত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে চাহিদা না থাকায় অর্থ উদ্ধৃত রয়েছে।

৩.৫.১৬ সুরক্ষা ও সেবা বিভাগ (মঞ্জুরি ৫৯) এর সচিবালয় এর সরকারি কর্মচারীদের জন্য ঋণ ও অগ্রিম, কারা অধিদপ্তরের কারাগারসমূহের বেতনভাতা, সরবরাহ ও সেবা, বেসামরিক প্রতিরক্ষা ও অগ্নি নির্বাপন অধিদপ্তরের বেতনভাতা, পাসপোর্ট ও বহিরাগমন অধিদপ্তরের সম্পদ সংগ্রহ ও সরবরাহ ও সেবা খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্ধৃত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে সরবরাহ খাতের বিল যথাসময়ে দাখিল না করা, সম্পদ সংগ্রহে টেন্ডার প্রক্রিয়া যথাসময়ে সম্পন্ন না হওয়া, বেতনভাতা খাতে কর্মচারীদের পদ শূন্য থাকায় এবং সরকারি কর্মচারীদের জন্য ঋণ ও অগ্রিম খাতে আবেদন না থাকায় অর্থ উদ্ধৃত রয়েছে।

৩.৫.১৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মঞ্জুরি ৬০) এর সচিবালয় অফিসে সরবরাহ ও সেবা এবং সম্পদ সংগ্রহ, উপজেলা জনসংখ্যা কার্যালয়ের বেতনভাতা এবং সরবরাহ ও সেবা খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্ধৃত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে ক্রয় সংক্রান্ত চুক্তি যথাসময়ে না হওয়ায়, শূন্যপদ পূরণ না হওয়ায় এবং প্রয়োজন অনুযায়ী ব্যয় করায় অর্থ উদ্ধৃত রয়েছে।

### ৩.৬ মঞ্জুরি/বরাদ্দ উদ্বৃত্ত ব্যয় (উন্নয়ন):

২০১৭-২০১৮ অর্থবছরে উন্নয়ন অংশে ১০০ কোটি টাকার উর্ধ্ব উদ্বৃত্ত বিপ্লবে দেখা যায় যে, ১৮টি মন্ত্রণালয়/বিভাগ উন্নয়ন বাজেটের চূড়ান্ত মঞ্জুরি ৯৪,০৭৭.০৪ কোটি টাকা প্রদান করা হলেও প্রকৃত ব্যয় ৭৬,২০৬.৭০ কোটি টাকা হওয়ায় উদ্বৃত্ত রয়েছে ১৭,৮৭০.৩৪ কোটি টাকা রয়েছে। উক্ত উদ্বৃত্তের পরিমাণ চূড়ান্ত মঞ্জুরির ১৯.০০%। এই উদ্বৃত্ত অর্থ যথাসময়ে সমর্পণ করা হলে প্রজাতন্ত্রের অন্য কোন গুরুত্বপূর্ণ খাতে ব্যবহার করা যেত। উন্নয়ন অংশের উদ্বৃত্তের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-“১৩” এ দেখানো হলো।

৩.৬.১ নির্বাচন কমিশন সচিবালয় (মঞ্জুরি ০৪) এর আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহেন্সিং একসেস টু সার্ভিসেস (১ম সংশোধিত) রাজস্ব ও মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে রাজস্ব ব্যয়ে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে কার্য সম্পাদনপূর্বক বিল দাবি করতে ব্যর্থ হওয়ায় এবং মূলধন খাতে দরপত্র বাতিল, পুনঃদরপত্র আহবান এবং চুক্তি নবায়ন প্রক্রিয়া অতিরিক্ত সময় প্রয়োজন হওয়ায় ব্যয় করা সম্ভব হয়নি বিধায় উদ্বৃত্ত রয়েছে।

৩.৬.২ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মঞ্জুরি ৮) এর জাতীয় রাজস্ব বোর্ডের বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প এর মূলধন খাতে, বাংলাদেশে আঞ্চলিক যোগাযোগ প্রকল্প-১: ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো এবং কাস্টমস আধুনিকায়ন জোরদারকরণ এর রাজস্ব ও মূলধন ব্যয় খাতে এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কায়ন ২০১২ অনলাইন প্রকল্প) এর রাজস্ব ও মূলধন খাত, স্ট্রেন্ডেনিং অব গার্বানেস ম্যানেজমেন্ট প্রজেক্ট এঃ অনলাইন ফাইলিং এন্ড ডিজিটলাইজেশন অব ট্যাক্স রিটার্ন; সিঃ এসটার্লিশমেন্ট অব ট্যাক্সপেয়ারস ইনফরমেশন এন্ড সার্ভিস সেন্টার এর মূলধন ব্যয় খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে স্ট্রেন্ডেনিং অব গার্বানেস ম্যানেজমেন্ট প্রজেক্ট এঃ অনলাইন ফাইলিং এন্ড ডিজিটলাইজেশন অব ট্যাক্স রিটার্ন; সিঃ এসটার্লিশমেন্ট অব ট্যাক্সপেয়ারস ইনফরমেশন এন্ড সার্ভিস সেন্টার এর মূলধন ব্যয় খাতে সময়মত অর্থ ছাড় না হওয়ায় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কায়ন ২০১২ অনলাইন প্রকল্প) এর ব্যয়দাতা সংস্থার উপর নির্ভরশীল বিধায় উদ্বৃত্ত রয়েছে এবং বাংলাদেশে আঞ্চলিক যোগাযোগ প্রকল্প-১: ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো এবং কাস্টমস আধুনিকায়ন জোরদারকরণ প্রকল্পে রাজস্ব ও মূলধন খাতে বরাদ্দকৃত বাজেটের অতিরিক্ত ব্যয় না হওয়ায় ব্যাখ্যার প্রয়োজন নেই।

৩.৬.৩ পরিকল্পনা বিভাগ (মঞ্জুরি ১১) এর সচিবালয়ের এডাপটেশন ক্লাইমেট চেইঞ্জ ইনটু দ্যা ন্যাশনাল এন্ড লোকাল প্ল্যানিং প্রকল্প এর রাজস্ব খাত, বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়কা এর মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে প্রকল্প কার্যক্রম দেরিতে শুরু এবং দাবি না থাকায় উদ্বৃত্ত রয়েছে।

৩.৬.৪ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মঞ্জুরি ২১) এর প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় এর উন্নয়ন প্রকল্পে এর মূলধন ব্যয় এবং চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় এর উন্নয়ন প্রকল্পে মূলধন ব্যয় খাত এবং রিচিং আউট অব স্কুল চিল্ড্রেন (রক্ষ) প্রকল্পে রাজস্ব ব্যয় খাতে, দারিদ্র্য পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচী এর রাজস্ব ব্যয়, প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প ৯ আইডিবি) এর মূলধন ব্যয় খাত, প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৩ এর রাজস্ব ও মূলধন ব্যয় খাত এবং মৌলিক স্বাক্ষরতা প্রকল্প এর রাজস্ব ব্যয় খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের কোন ব্যাখ্যা পাওয়া যায়নি।

৩.৬.৫ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (মঞ্জুরি ২২) এর আইসিটি মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন (২য় পর্যায়) এর রাজস্ব ও মূলধন খাত, টিচিং কোয়ালিটি ইম্প্রুভমেন্ট-২ (টিকিআই-২) ইন সেকেন্ডারী এডুকেশন এর রাজস্ব খাতে, শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে জেলা সদরে অবস্থিত সরকারি পোস্টগ্রাজুয়েট কলেজসমূহের উন্নয়ন এর মূলধন ব্যয় খাতে, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম এর মূলধন ব্যয় খাতে, ঢাকা মহানগরীতে ১১টি মাধ্যমিক বিদ্যালয় ও ০৬ টি মহা বিদ্যালয় (সরকারি) স্থাপন এর মূলধন ব্যয়, সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি এন্ড একসেস এনহেন্সমেন্ট প্রজেক্ট এর রাজস্ব ব্যয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শক্তিশালীকরণ প্রকল্পে মূলধন ব্যয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন এর মূলধন ব্যয়, জাতীয় বিশ্ববিদ্যালয় ০৩ টি আঞ্চলিক অফিস স্থাপন এর মূলধন ব্যয়, হায়ার এডুকেশন কোয়ালিটি এনহেন্সমেন্ট প্রজেক্ট এ মূলধন ব্যয়, সদর দপ্তর ও জেলা কার্যালয় স্থাপনের মাধ্যমে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর শক্তিশালীকরণ এর মূলধন ব্যয়, এ্যানহেপিং দি লার্নিং ইনভায়রনমেন্ট অব সিলেকটেড মাদ্রাসা ইন বাংলাদেশ এর মূলধন ব্যয় খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে চাহিদা না থাকায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৬.৬** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (মঞ্জুরি ২৩) এর রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের মূলধন ব্যয়, মংলা বন্দরে স্থাপিত তেজস্বীয়তা পরিষ্কণ ও পরিবীক্ষণ গবেষণাগারের মানব সম্পদ উন্নয়নসহ আবাসিক সুবিধাদি স্থাপন এর মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ যথাসময়ে সম্পাদন না হওয়ায় এবং পুনঃউপযোজন করা হয়েছে বিধায় এ খাতে উদ্বৃত্ত নাই বলা হলেও উপযোজন হিসাবে উল্লেখযোগ্য পরিমাণ উদ্বৃত্ত অর্থ প্রদর্শিত হচ্ছে।

**৩.৬.৭** স্বাস্থ্য সেবা বিভাগ (মঞ্জুরি ২৪) এর সচিবালয়ের ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) প্রকল্প, স্ট্রেন্ডেনিং পাবলিক হেলথ একশনস ফর ইমারজিং ইনফেকশাস ইভেন্স ইন বাংলাদেশ, কমিউনিকেশন ডিজিজ কন্ট্রোল (সিডিসি) প্রকল্প, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর রাজস্ব ও মূলধন খাতে, এস্টাব্লিশমেন্ট অব ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন এন্ড রেফারেল সেন্টার, গোপালগঞ্জ ইউসিএল এর তৃতীয় শাখা কারখানা স্থাপনের, টাঙ্গাইলে একটি মেডিকেল কলেজ স্থাপন এবং ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালকে ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতালে উন্নীতকরণ প্রকল্প, শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ এবং ৫০০ শয্যার মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ স্থাপন প্রকল্প, জামালপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং জামালপুর নার্সিং কলেজ স্থাপন, পটুয়াখালী মেডিকেল কলেজ এবং হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া মেডিকেল কলেজ স্থাপন প্রকল্প, প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট প্রকল্প, শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল, কিশোরগঞ্জ, জাতীয় অর্থপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ, এস্টাব্লিশমেন্ট অব শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ স্থাপন, গোপালগঞ্জ এবং এস্টাব্লিশমেন্ট অব ন্যাশনাল ইনস্টিটিউট অব এডভান্স প্রাক্টিস নোর্সেস ইন বাংলাদেশ ইত্যাদি প্রকল্পসমূহের মূলধন ব্যয় খাতে উদ্বৃত্ত রয়েছে।

ম্যাটারনাল, নিউনেটাল এন্ড চাইল্ড এডোলেসসেস্ট হেলথ প্রকল্প, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস (এনএনএস) প্রকল্প, শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউট, টিবি-লিপ্রোসিস এন্ড এইডস/এসটিড প্রোগ্রাম (টিবিএল এন্ড এএসপি), নন-কমিউনিকেশন ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) এর রাজস্ব ব্যয় খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে প্রকল্পে অর্থ ছাড় কম হওয়ায়, প্রয়োজন অনুযায়ী ব্যয় হওয়ায় এবং উন্নয়ন খাতভুক্ত জনবলের পদ শূন্য থাকায় বাজেট উদ্বৃত্ত রয়েছে।

**৩.৬.৮** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মঞ্জুরি ২৫) এর মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর উন্নয়ন প্রকল্প, ফোর টায়ার জাতীয় ডাটা সেন্টার স্থাপন প্রকল্প (১ম সংশোধিত), লেভারজিং আই.সি.টি ফর গ্রোথ, এমপ্লয়মেন্ট এন্ড গভর্নেন্স প্রকল্প, প্রযুক্তি সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পের রাজস্ব খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ মঞ্জুরির মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন প্রকল্পে পদ শূন্য থাকায় রাজস্ব খাতে এবং টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় মূলধন খাতে উদ্বৃত্ত রয়েছে। লেভারজিং আই.সি.টি ফর গ্রোথ, এমপ্লয়মেন্ট এন্ড গভর্নেন্স প্রকল্পের রাজস্ব খাতে উদ্বৃত্ত অর্থ মূলধন খাতে ব্যয় করা হয়েছে।

ফোর টায়ার জাতীয় ডাটা সেন্টার স্থাপন প্রকল্প, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন ইনফো-সরকার, (৩য় পর্যায়) প্রকল্প, জেলা পর্যায়ে আইসিটি/হাইটেক পার্ক স্থাপন প্রকল্প এবং সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের রাজস্ব ও মূলধন খাতে প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে, ফোর টায়ার জাতীয় ডাটা সেন্টার স্থাপন প্রকল্পের জেডটিই কর্পোরেশন কর্তৃক ০৪ মাস কাজ বন্ধ রাখায় বরাদ্দকৃত অর্থ অব্যয়িত রয়েছে। সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন ইনফো-সরকার (৩য় পর্যায়) প্রকল্পে রাজস্ব ও মূলধন খাতে যথাসময়ে কার্যক্রম শেষ না হওয়ায় উক্ত অর্থ উদ্বৃত্ত রয়েছে; জেলা পর্যায়ে আইসিটি/হাইটেক পার্ক স্থাপন প্রকল্পে ০৪ মাস ক্রয় প্রক্রিয়া বিলম্বিত হওয়ায়, প্রযুক্তি সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পে কাজ যথাসময়ে শুরু না হওয়ায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৬.০৯** গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (মঞ্জুরি ২৯) এর চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ আমানত বিমান বন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে মূলধন ব্যয় খাতে, আরবান রেজিলিয়েল প্রকল্পের রাজস্ব ব্যয় খাতে, মুরাদপুর ২নং গেইট ও জিইসি জংশনের ফ্লাইওভার নির্মাণের মূলধন ব্যয় খাতের, চট্টগ্রাম সিটি আউটার রিং রোড (পতেঙ্গা হতে সাগরিকা পর্যন্ত) রাজস্ব ও মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে বরাদ্দের অতিরিক্ত ব্যয় হয়নি বিধায় উদ্বৃত্ত রয়েছে।

৩.৬.১০ স্থানীয় সরকার বিভাগ (মঞ্জুরি ৩৪) এর উৎপাদনশীল সম্ভাবনাময় করনের সুযোগ গ্রহণে নারী সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন) প্রকল্প, ইইউ সাপোর্ট টু আরবান হেলথ এন্ড নিউট্রিশন টু দি আরবান বাংলাদেশ প্রকল্প, বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প, ভাভালজুরি পানি সরবরাহ প্রকল্প, তৃতীয় নগর পরিচালনা ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, রুরাল ট্রান্সপোর্ট ইম্প্রুভমেন্ট প্রজেক্ট-২ (আরটিআইটিপি-২) প্রকল্প, পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্য শিক্ষা প্রকল্প, প্রজেক্ট ডিজাইন এডভান্স (পিডিএ) ফর দা রেজাল্ট-বেইজড রুরাল কানেকটিভিটি প্রোগ্রাম প্রকল্পের রাজস্ব ব্যয় খাতে উদ্বৃত্ত রয়েছে।

উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা, প্রকিউরমেন্ট অব ইক্যুপমেন্ট ফর সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট শীর্ষক প্রকল্প, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তৃতীয় লোকাল গভর্নেন্স প্রজেক্ট এলজিএসপি-৩ প্রকল্প, উন্নয়ন কর্মসূচির জন্য সংযুক্ত তহবিল হতে অর্থ স্থানান্তর (এডিপি বহির্ভূত), আরবান পাবলিক ইনভায়রনমেন্টাল হেলথ সেন্টার ডেভেলপমেন্ট প্রোগ্রাম, সামাজিক সাংস্কৃতিক পরিবেশ এবং প্রকৃত্ত্ব অবকাঠামোর উন্নতি সাধন ও সংরক্ষণের মাধ্যমে রাজশাহী মহানগরের টেকসই উন্নয়ন, সায়েদাবাদ পানি শোধনাগারের (ফেইজ-৩), সাভার উপজেলার তেঁতুলঝরা ভাকুর্তা এলাকায় অয়েল ফিল্ড নির্মাণ প্রকল্প, ঢাকা ইনভায়রনমেন্ট সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন কাজের জন্য এ্যাসফল্ট প্লান্ট, সংশ্লিষ্ট যান ও যন্ত্রপাতি ক্রয় এবং স্থাপন প্রকল্প, ঢাকা পানি সরবরাহ নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প, ঢাকা ওয়াসার সায়েদাবাদ ফেইজ-৩ প্রকল্পের ফ্রেইম ওয়ার্কের আওতায় ঢাকা মহানগরীর স্বল্প আয়ের এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক পানি সরবরাহ সেবার মান উন্নয়ন এবং ঢাকা ওয়াসার ফাইন্যান্সিয়াল মডেলিং এবং কারিগরি সহায়তা উন্নয়ন প্রকল্প, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় এলইডি সড়ক বাতি, সিসিটিভি ক্যামেরা এবং সিসিটিভি কন্ট্রোল সেন্টার সরবরাহ ও স্থাপন প্রকল্প, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ঢাকা তেজগাঁও সাত রাস্তা মোড় হতে উত্তরার হাউজ বিল্ডিং পর্যন্ত ১১ টি ইউটর্ন নির্মাণ প্রকল্প, বদরহাট বরইপাড়া হতে কর্ণফুলী নদী পর্যন্ত খাল খনন প্রকল্প দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্প, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প, ঢাকা মহানগরীতে ফ্লাইওভার ব্রিজ নির্মাণ প্রকল্প (মগবাজার – মৌচাক ফ্লাইওভার), হাওর অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্প, নর্দান বাংলাদেশ ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট প্রজেক্টে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে।

পটুয়াখালী জেলার কলাপাড়া জেলার উপজেলাধীন কলাপাড়া-বলিয়াতলী – গঙ্গাবতী সড়কে বড় বলিয়াতলী আন্ধারমানিক নদীতে ৬৫০ মিটার আরসিসি ডেকযুক্ত – স্ট্রীসড গার্ডার ব্রীজ নির্মাণ প্রকল্প, মিউনিসিপ্যাল গভারন্যান্স এন্ড সার্ভিসেস প্রকল্প (এমজিএসপি) এর, গুরুত্বপূর্ণ ৯টি ব্রিজ নির্মাণ ৯১ম সংশোধিত) প্রকল্প, গোপালগঞ্জ জেলার গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ প্রকল্প, পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ প্রকল্প, সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প, জরুরী -২০০৭ ঘূর্ণিঝড় পুনরুদ্ধার এবং পুনর্বাসন প্রকল্প, এনভায়রনমেন্টাল সেনিটেশন এন্ড ওয়াটার সাপ্লাই উইথ পাইপনেটওয়ার্ক ইন থানা সদর এন্ড গ্রোথ সেন্টার পৌরসভা এর মূলধন ব্যয় খাতে উদ্বৃত্ত রয়েছে।

আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট, পদ্মা (জসলদিয়া) ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট (ফেইজ-১) প্রকল্প এবং জলবায়ু সহনশীল গ্রামীণ অবকাঠামো প্রকল্পের রাজস্ব ও মূলধন ব্যয় খাতে ব্যয় উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে অর্থ ছাড় না করায় এবং ব্যয় না হওয়ায় টাকা উদ্বৃত্ত রয়েছে।

৩.৬.১১ ভূমি মন্ত্রণালয় বিভাগ (মঞ্জুরি ৪২) এর ভূমি ভবন কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প, গুচ্ছগ্রাম (ক্রাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন) (২য় পর্যায়) এর মূলধন খাতে; ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ও রেকর্ড প্রণয়ন এবং সংরক্ষণ (১ম পর্যায় বিদ্যমান মৌজা ম্যাপস এবং খতিয়ান সমূহের প্রকল্পের রাজস্ব খাতে উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে গৃহ নির্মাণ এর সাইট অনুপযোগী থাকায় এবং মামলা সংক্রান্ত জটিলতার কারণে উদ্বৃত্ত রয়েছে।

**৩.৬.১২** পানি সম্পদ মন্ত্রণালয় (মঞ্জুরি ৪৩) এর ঢাকা জেলার দোহার উপজেলার আওরঙ্গবাদ হতে ব্রাহা বাজার ঘাট পর্যন্ত পদ্মা নদীর বাম তীর সংরক্ষণমূলক কাজ প্রকল্প, চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল বেঙ্গা বন্যা নিয়ন্ত্রণ সড়ক কাম বেড়ী বাঁধ প্রতিরক্ষা এবং নিষ্কাশন প্রকল্প, কক্সবাজার জেলার টেকনাফস্থ শাহপারী দ্বীপে ফোল্ডার নং ৬৮ সি-ডাইক অংশের বাঁধ পুনঃনির্মাণ এবং প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন প্রকল্প, কুমার নদ পুনঃখনন প্রকল্প, মেঘনা নদীর ভাঙন হতে চাঁদপুর জেলার হরিণা ফেরীঘাট এবং চর ভৈরবী এলাকার কাঁটাখাল বাজার রক্ষা প্রকল্প, টাঙ্গাইল জেলার গোপালপুর ও বনিয়াপুর উপজেলাধীন যমুনা নদীর বাম তীরবর্তী কাউলীবাড়ী ব্রিজ হতে শাখারিয়া (ভরুয়া হতে বটতলা পর্যন্ত) তীর সংরক্ষণ প্রকল্প, টাঙ্গাইল জেলার দেলদুয়ার উপজেলাধীন ধলেশ্বরী নদীর বাম তীরবর্তী গাছ কুমুল্লী, বারপাখিয়া এবং নাগরপুর উপজেলার ঘোনাপাড়াসহ বাবুপুর লাউহাটি এফসিডি প্রকল্প এলাকায় তীর সংরক্ষণ প্রকল্পে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে।

নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন হাইজদা বাঁধের ঝুঁকিপূর্ণ স্থানসমূহ শক্তিশালীকরণ প্রকল্প, ফ্লাড এন্ড রিভার ব্যাংক ইরোশন রিস্ক ম্যানেজমেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম প্রকল্প, লক্ষীপুর জেলার অন্তর্গত ও কমলনগর উপজেলার এবং তৎসংলগ্ন এলাকাকে মেঘনা নদীর অব্যাহত ভাঙ্গন হতে রক্ষা করতে নদীতে সংরক্ষণ প্রকল্প, হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনার ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার পোল্ডার নম্বর- ৬৪/১এ, ৬৪/১বি, ৬৪/১ সি এর সমন্বয়ে ক্ষতিগ্রস্ত অংশে স্থায়ী পুনঃবাসন প্রকল্প, ব্রাহ্মণবাড়িয়া জেলার অন্তর্গত তিতাস নদী (আপার পুনঃখনন) প্রকল্প, দক্ষিণ পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্পের মূলধন ব্যয় খাতে; বুড়িগঙ্গা নদীর পুনরুদ্ধার প্রকল্প ইমার্জেন্সি ২০০৭ সাইক্লোন রিকভারী রেস্টোরেশন প্রজেক্ট, বাংলাদেশের নদী ড্রেজিং এর জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প, হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন প্রকল্প এবং মেঘনা নদীর ভাঙন হতে চাঁদপুর জেলার হরিণা ফেরীঘাট এবং চর ভৈরবী এলাকার কাঁটাখাল বাজার রক্ষা প্রকল্পের মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে পুনঃউপযোজন করায় উদ্বৃত্ত প্রদর্শিত হচ্ছে।

ব্লু গোল্ড প্রোগ্রাম (বিডব্লিইডিবি কম্পোনেন্ট) প্রকল্প, ইরিগেশন ম্যানেজমেন্ট ইম্প্রুভমেন্ট প্রজেক্টে উল্লেখযোগ্য পরিমাণ মূলধন খাতে উদ্বৃত্ত রয়েছে, ইরিগেশন ম্যানেজমেন্ট ইম্প্রুভমেন্ট প্রজেক্টে মূলধন খাতে উপযোজন করা হয়নি বিধায় কাজের অগ্রগতি বিবেচনা করে সমুদয় অর্থ খরচ করা সম্ভব হয়নি বিধায় উদ্বৃত্ত রয়েছে। ব্লু গোল্ড প্রোগ্রাম (বিডব্লিইডিবি কম্পোনেন্ট) প্রকল্পে মূলধন খাতে উদ্বৃত্তের কোন ব্যাখ্যা পাওয়া যায়নি।

**৩.৬.১৩** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরি ৪৫) কাজের বিনিময়ে সরবরাহকৃত খাদ্য সামগ্রীর মূল্য (এডিপি বহির্ভূত) প্রকল্প, উন্নয়ন কর্মসূচির জন্য সংযুক্ত তহবিল হতে অর্থ স্থানান্তর প্রকল্প, গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (মাটির কাজ) প্রকল্প, গ্রামীণ রাস্তায় কম-বেশি ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প, উপকূলীয় ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পের মূলধন খাতে এবং আরবান রেজিলিয়েন্স ডিডিএম প্রকল্পের রাজস্ব খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে ক্রয় কার্যক্রম সংগঠিত না হওয়ায় এবং আরবান রেজিলিয়েন্স ডিডিএম প্রকল্পে যথাসময়ে জনবল নিয়োগ না হওয়ায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৬.১৪** সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ (মঞ্জুরি ৪৬) এর টেকনিক্যাল এসিসটেন্স ফর দি ফিজিবিলিটি স্টাডি অন ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের রাজস্ব খাতে, মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ (সওজ অংশ) প্রকল্প, সীমান্ত সড়ক নির্মাণঃ ময়মনসিংহ ও নেত্রকোণা প্রকল্প, বিনাইদহ-চুয়াডাঙ্গা-মেহেরপুর-মুর্জিবনগর সড়ক উন্নয়ন প্রকল্প, বড় তাকিয়া (আবু তোরাব) থেকে মীরসরাই ইপিজেড সংযোগ সড়ক নির্মাণ প্রকল্প, ক্রস-বর্ডার রোড নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, বরিশাল-পটুয়াখালী-সড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ প্রকল্প, যশোর বেনাপোল জাতীয় মহাসড়ক এন-৭০৬ মানে প্রশস্ততা উন্নীতকরণ প্রকল্প, যশোর-খুলনা জাতীয় মহাসড়কের যশোর অংশ প্রকল্প, নড়িয়া কালিয়া জেলা মহাসড়কের ২১তম কিলোমিটারকে কালিয়া নামক স্থানে

নবগঙ্গা নদীর উপর কালিয়া সেতু নির্মাণ প্রকল্প, লাঙ্গলবন্দ কাইকারটেক নবীগঞ্জ জেলার মহাসড়কের লাঙ্গলবন্দ হতে মিনারবাড়ী পর্যন্ত সড়ক প্রশস্তকরণ প্রকল্প, নওগাঁ-আত্রাই-নাটের মহাসড়কে অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প, ত্রিশাল-বালিয়াপাড়া-নান্দাইল জেলা মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্পের মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্বৃত্ত রয়েছে; প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে যথাসময়ে বিল দাবি না করা, অর্থ ছাড় না হওয়া, পুনঃউপযোজনকৃত বরাদ্দের প্রতিফলন হয়নি বিধায় বাজেট উদ্বৃত্ত হয়েছে।

গ্রেটার ঢাকা সাসটেনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট, সাসেক সড়ক কানেকটিভিটি ইম্প্রুভমেন্ট অব জয়দেবপুর-চন্দ্রা-টাংগাইল-এলেঙ্গা রোড টু ৪-লেইন হাইওয়ে প্রকল্প, সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২, বাংলাদেশ ৮ম চীন মৈত্রী সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের রাজস্ব ব্যয় ও মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে।

**৩.৬.১৫** বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় (মঞ্জুরি ৪৯) এর খানজাহান আলী বিমান বন্দর নির্মাণ প্রকল্পের মূলধন খাতে এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্পের রাজস্ব খাতে উল্লেখযোগ্য পরিমাণ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে খানজাহান আলী বিমান বন্দর নির্মাণ প্রকল্পের ভূমি অধিগ্রহণ না হওয়ায় এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্পের রাজস্ব খাতে চাহিদা না থাকায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৬.১৬** সেতু বিভাগ (মঞ্জুরি ৫৭) এর ঢাকা শহরে সাবওয়ে (আন্ডারগ্রাউন্ড মেট্রো) নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা ফিজিবিলাটি স্ট্যাডি ফর কন্সট্রাকশন অব সাবওয়ে (আন্ডারগ্রাউন্ড মেট্রো) ইন ঢাকা সিটি প্রকল্প, সাপোর্ট টু এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের রাজস্ব খাতে, কর্ণফুলী নদীর তলদেশে বগুলেন সড়ক টানেল নির্মাণ প্রকল্প এবং পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে অর্থ ছাড় না হওয়া, পুনর্বাসন যথাসময়ে না হওয়া এবং সেতুর পিয়ারের পাইল এর রি-ডিজাইন করার কারণে এবং বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে অন্যান্য নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন হয়নি বিধায় অর্থ উদ্বৃত্ত রয়েছে।

**৩.৬.১৭** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (মঞ্জুরি ৫৮) এর স্কিলস এন্ড এমপ্লয়মেন্ট প্রোগ্রাম ইন বাংলাদেশ প্রকল্প এবং বাংলাদেশ স্কিলস ফর এমপ্লয়মেন্ট এন্ড প্রডাকটিভিটি প্রকল্পের রাজস্ব খাতে, ১০০টি উপজেলায় ০১টি করে টেকনিক্যাল স্কুল স্থাপন প্রকল্প মূলধন খাতে, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্পের রাজস্ব ও মূলধন খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে চাহিদা না থাকায় উদ্বৃত্ত রয়েছে।

**৩.৬.১৮** স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (মঞ্জুরি ৬০) এর মেডিকেল এডুকেশন এন্ড হেলথম্যান পাওয়ার ডেভেলপমেন্ট প্রকল্প, নার্সিং এন্ড মিডওয়াইফারি এডুকেশন সার্ভিসেস প্রকল্প, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় এর অধীনে সুপার স্পেশালাইজড হাসপাতাল স্থাপন প্রকল্প, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়কে সেন্টার ফর এক্সিলেন্সনে পরিণতকরণ প্রকল্প, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম প্রকল্প, ক্লিনিক্যাল কন্সাল্টেশন সার্ভিসেস ডেলিভারী প্রকল্প, ফ্যামিলি প্ল্যানিং ফিল্ড সার্ভিসেস ডেলিভারী প্রকল্প, ইনফরমেশন, এডুকেশন এন্ড কমিউনিকেশন প্রকল্প এবং ট্রেনিং রিচার্স এন্ড ডেভেলপমেন্ট প্রকল্পের রাজস্ব ও মূলধন খাতে এবং ম্যাটারনাল চাইল্ড, রিপ্ৰোডাক্টিভ এন্ড এডোলেসসেন্ট হেলথ প্রকল্পের রাজস্ব ব্যয় খাতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ উদ্বৃত্ত রয়েছে। প্রধান হিসাবদানকারী অফিসারের ব্যাখ্যা অনুসারে যথাসময়ে অর্থ ছাড় না করায় উদ্বৃত্ত রয়েছে।

### ৩.৭ অপ্রয়োজনীয় সম্পূরক বরাদ্দ ও পুনঃ উপযোজন (অনুময়ন):

৩.৭.১ বাংলাদেশ সংবিধানের ৯১ ধারা মোতাবেক চলতি অর্থবছরে নির্দিষ্ট কোন কমবিভাগের জন্য অনুমোদিত ব্যয় অপরিাপ্ত হয়েছে কিংবা ঐ বছরের বার্ষিক আর্থিক বিবৃতিতে অন্তর্ভুক্ত হয়নি, এমন কোন নতুন কমবিভাগের জন্য ব্যয় নির্বাহের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে, অথবা কোন অর্থবছরে কোন কমবিভাগের জন্য মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ ঐ বছরে উক্ত কমবিভাগের জন্য ব্যয়িত হয়েছে তা হলে সংযুক্ত তহবিল হতে এই ব্যয় নির্বাহের কর্তৃত্ব প্রদান করার জন্য রাষ্ট্রপতির ক্ষমতা থাকবে এবং রাষ্ট্রপতি ক্ষেত্রমতো এই ব্যয়ের অনুমিত পরিমাণ-সম্বলিত একটি সম্পূরক আর্থিক বিবৃতি সংসদে উপস্থাপনের ব্যবস্থা করবেন।

